রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১২, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

## (মূল্য সংযোজন কর)

### প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং-১৩৩ -আইন/৯৭/১৫০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর-

(ক) দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘঘ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(ঘঘ) "প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি" অর্থ এমন কোন নিবন্ধিত ব্যক্তি যিনি নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করেন এবং সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক তাহা সন্তোষজনক বলিয়া প্রতীয়মান হয়, যথাঃ-

(অ) প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি হিসাবে বিবেচিত হওয়ার বৎসরে উক্ত ব্যক্তি তৎপূর্ববর্তী বৎসরের তুলনায় অন্যূন ২০% অধিক হারে কর প্রদানে কমিশনারের নিকট অঙ্গীকারাবদ্ধ হন এবং পূর্ববর্তী তিন বৎসরে তাঁহার কর প্রদান সন্তোষজনক বলিয়া কমিশনারের নিকট প্রতীয়মান হয় এবং উক্ত সময়ের প্রতি বৎসরে তাঁহার কর বৃদ্ধির হার ২০% বা উহারও অধিক;



মূল্য : টাকা ১২·০০

(আ) তাঁহার বিরুদ্ধে কোন অনিয়ম বা আটক মামলা কখনও রুজু হয় নাই;

(ই) তিনি যথাসময়ে ও যথানিয়মে দাখিলপত্র পেশ করেন;

(ঈ) তিনি কর সংক্রান্ত রেজিষ্টার ও নথিপত্র যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করেন ;

(উ) তিনি কর সংক্রান্ত আইনকানুন ও নিয়ম-পদ্ধতি প্রতিপালনসহ মূসক কার্যালয় কর্তৃক কাঙ্খিত তথ্য ও জবাব সঠিকভাবে প্রদান করেন ;" ;

(খ) দফা (চ) এর পর নিম্নরূপ দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(চচ) "বণ্ডেড ওয়্যার হাউস" এবং "স্পেশাল বণ্ডেড ওয়্যার হাউস" অর্থ Customs Act , 1969 (IV of 1969) এর Chapter XI এ বর্ণিত, যথাক্রমে, bonded warehouse এবং Special bonded warehouse ; " ;

(২) বিধি ৩ এর –

(ক) উপ-বিধি (৩) এর শেষ প্রান্তস্থিত দাঁড়িটির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথাঃ-

"তবে শর্ত থাকে যে, বিভাগীয় কর্মকর্তা মূল্য ঘোষণা প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে উল্লিখিত কার্যক্রম সম্পন্ন করিতে ব্যর্থ হইলে ঘোষিত মূল্য বিষয়ে তাঁহার কোন আপত্তি নাই বলিয়া গণ্য হইবে। " ;

(খ) উপ-বিধি (৭) এর "স্বতঃপ্রবৃত্ত হইয়া" শব্দগুলির পর "বা বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে" শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ–

"তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ব্যক্তির আবেদনের ক্ষেত্রে, আবেদন প্রাপ্তির তারিখ হইতে দশ কার্যদিবসের মধ্যে কমিশনার উক্ত আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান করিতে ব্যর্থ হইলে তিনি আবেদনটি মঞ্জুর করিয়াছেন বলিয়া গণ্য হইবে ঃ

আরও শর্ত থাকে যে, স্বতঃপ্রবৃত্ত হইয়া বা বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে মূল্য ভিত্তি স্থির করার ক্ষেত্রে, কমিশনার কোন পণ্য বা পণ্যশ্রেণীর মূল্য বিষয়ে সুপারিশ প্রদানের জন্য, বোর্ড কর্তৃক আদেশ দ্বারা গঠিত, মূল্যভিত্তি পর্যালোচনা কমিটিকে অনুরোধ করিতে পারিবেন। " ;

(৩) বিধি ৪ এর–

(ক) উপ-বিধি (১) এর "দুই শতাংশ" শব্দগুলির পরিবর্তে "চার শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (২ক) সন্নিবেশিত হইবে, যথাঃ-

" (২ক) উপ-বিধি (২) এর অধীন তালিকাভুক্তির তারিখ হইতে পরবর্তী প্রত্যেক বৎসরের প্রথম ত্রিশ দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তার নিকট উক্ত বৎসরের প্রাক্কলিত টার্ণওভারের পরিমাণ এবং কর প্রদান পদ্ধতি সংক্রান্ত একটি ঘোষণা (প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ) ফরম "মূসক-২খ" এ প্রদান করিতে হইবে। উক্ত ঘোষণায় বর্ণিত তথ্যাদি বিভাগীয় কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে তিনি পরবর্তী ত্রিশ কার্যদিবসের মধ্যে উহা অনুমোদন পূর্বক একটি অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তির নিকট প্রেরণ করিবেন। " ;

(গ) উপ-বিধি (৬) এর "দুই শতাংশ" শব্দগুলির পরিবর্তে "চার শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৪) বিধি ২২ এর উপ-বিধি (১) এর –

(ক) দফা (ক) ও (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) ও (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

"(ক) ক্রয় হিসাব পুস্তক।- এই পুস্তকে করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবার ক্রয়-সংশ্লিষ্ট তথ্যাবলী ফরম "মূসক-১৬" এ লিপিবদ্ধ করিতে হইবে ;

(খ) বিক্রয় হিসাব পুস্তক।- এই পুস্তকে কর যোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা উক্তরূপ পণ্য বা সেবা রপ্তানি-সংশ্লিষ্ট তথ্যাবলী ফরম "মূসক-১৭" এ লিপিবদ্ধ করিতে হইবে ;" ;

(খ) দফা (ঘ) এ " '১৪-মূল্য সংযোজন কর' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি ও সংখ্যার পরিবর্তে "মূল্য সংযোজন করের ক্ষেত্রে, '১৪-ক-মূল্য সংযোজন কর' এবং সম্পূরক শুল্কের ক্ষেত্রে, ' ১৪-খ-সম্পূরক শুল্ক' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি, কমাগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ঙ) বাণিজ্যিক দলিল সংরক্ষণ সুবিধা।- যদি কমিশনার এই মর্মে নিশ্চিত হন যে মূসক সংক্রান্ত রেজিষ্টারসমূহ যে উদ্দেশ্যে সংরক্ষণ করা হয়, কোন প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সংরক্ষণযোগ্য বাণিজ্যিক দলিলাদি সেই উদ্দেশ্য সম্পূর্ণরূপে পূরণ করে তাহা হইলে তিনি উক্ত প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সংরক্ষণযোগ্য বাণিজ্যিক দলিলাদি মূসক রেজিষ্টার হিসাবে পরিগনিত হইবে বলিয়া ঘোষণা প্রদান পূর্বক দফা (ক) হইতে (ঘ) এ উল্লিখিত পুস্তকসমূহ উক্তরূপ ব্যক্তি কর্তৃক পৃথকভাবে সংরক্ষণের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্ত প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তিকে তাহার উপকরণ, পণ্য প্রস্তুত, মজুদ, সরবরাহ বা সেবা প্রদান সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিল আইনের ধারা ৩৩ এ উল্লিখিত সময়ব্যাপী যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।" ;

(ঘ) দফা (চ) বিলুপ্ত হইবে ;

(৫) বিধি ২৩ এর উপ-বিধি (১) এ " '১৪-ক-মূল্য সংযোজন কর' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি ও সংখ্যার পরিবর্তে "মূল্য সংযোজন করের ক্ষেত্রে, '১৪-ক-মূল্য সংযোজন কর' এবং সম্পূরক শুল্কের ক্ষেত্রে, '১৪-খ-সম্পূরক শুল্ক' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি, কমাগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৩২ এর-

(ক) উপ-বিধি (৫) এ –

(অ) " শুল্ক কর্তৃপক্ষ ", যে যে স্থানে উল্লিখিত, শব্দগুলির পর, সেই সেই স্থানে, " অথবা অন্য কোন অনুমোদিত প্রতিষ্ঠান " শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(আ) " বণ্ড বা স্পেশাল বণ্ড " শব্দগুলির পরিবর্তে " বণ্ডেড ওয়্যার হাউস বা স্পেশাল বণ্ডেড ওয়্যার হাউস " শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ই) " (ইউপি) ", যে যে স্থানে উল্লিখিত, শব্দ ও বন্ধনীগুলির পর, সেই সেই স্থানে, " অথবা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) " শব্দগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) উপ-বিধি (৭) এ " বণ্ডে বা স্পেশাল বণ্ডে " শব্দগুলির পরিবর্তে "বণ্ডেড ওয়্যার হাউস বা স্পেশাল বণ্ডেড ওয়্যার হাউস" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৭) বিধি ৩৪ এর পর নিম্নরূপ নূতন বিধি ৩৪ক সন্নিবেশিত হইবে, যথাঃ-

"৩৪ক। **রিফান্ড (Refund) প্রদান**।- (১) আইনের ধারা ৬৭ অনুযায়ী অসাবধানতাবশতঃ, ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে বা অন্য কোন কারণে পরিশোধিত বা অধিক পরিশোধিত বলিয়া দাবীকৃত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বা টার্ণওভার করের রিফান্ড দাবীর ক্ষেত্রে আবেদনকারীকে উক্ত কর পরিশোধের চার মাসের মধ্যে ফরম টি আর-৪১ এ তিন প্রস্থে একটি রিফান্ড দাবী সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বা শুল্ক ভবনের কমিশনার বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) বিভাগীয় কর্মকর্তা বা শুল্ক ভবনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত রিফান্ড দাবীর যথার্থতা সম্পর্কে এবং দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে ট্রেজারীতে জমা হইয়াছে কিনা উহা যাচাই পূর্বক উহার সত্যতা সম্পর্কে নিশ্চিত হইয়া রিফান্ড দাবীটি অনুমোদন করিতে পারিবেন। রিফান্ড অনুমোদনকারী কর্মকর্তা অতঃপর উক্ত রিফান্ড বিল প্রাক-নিরীক্ষার উদ্দেশ্যে কমিশনারের কার্যালয়ে বা শুল্ক ভবনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন। প্রাক-নিরীক্ষায় বিলটি যথাযথ বিবেচিত হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা উহা প্রতিস্বাক্ষর পূর্বক বিলের এক প্রস্থ অফিস রেকর্ডের জন্য সংরক্ষণ করিয়া এক প্রস্থ সংশ্লিষ্ট জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা বা প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট এবং এক প্রস্থ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) অনুমোদিত রিফান্ড বিলের যথাযথ হিসাব সংরক্ষণের উদ্দেশ্যে অনুমোদনকারী কর্মকর্তার অধীন সংশ্লিষ্ট শাখা এতদ্‌বিষয়ে একটি রেজিষ্টার সংরক্ষণ করিবে।

(৪) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় পর্যায়ে যে ক্ষেত্রে রিফান্ড দাবীকৃত অর্থ সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক উপকরণ কর রেয়াতের বিপরীতে সমন্বয়ের বিধান ও সুযোগ রহিয়াছে সেই ক্ষেত্রে উক্তরূপ রিফান্ড দাবী অনুমোদনযোগ্য হইবে না।

(৫) এই বিধির অধীন রিফান্ড কার্যক্রমের ক্ষেত্রে বাংলাদেশ ট্রেজারী রুলস্‌ এর সংশ্লিষ্ট বিধি প্রযোজ্য হইবে।";

(৮) বিধি ৩৫ এর "পঁচিশ হাজার" শব্দগুলির পরিবর্তে "অনধিক পঁচিশ হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৯) ফরম " মূসক-২ " এর-

(ক) প্রথম বক্সের ক্রমিক নং ৬ এর দফা (খ) এর পর নিম্নরূপ দফা (গ) সংযোজিত হইবে, যথাঃ-

" (গ) মাসিক প্রদেয় করের পরিমাণ "

(খ) তৃতীয় বক্সের ক্রমিক নং ২ এর প্রান্তস্থিত দাঁড়ির পর নিম্নরূপ শব্দগুলি, সংখ্যা, বন্ধনীগুলি ও দাঁড়ি সংযোজিত হইবে, যথাঃ–

" মাসিক ভিত্তিতে কর প্রদান করিতে চাহিলে তাহাকে ৬(গ) তে টিক চিহ্ন দিতে হইবে। " ;

(১০) ফরম "মূসক-২ক" এর পর নিম্নরূপ নূতন ফরম "মূসক-২খ" সন্নিবেশিত হইবে, যথাঃ-

মূসক-২খ

" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

# টার্ণওভার সংক্রান্ত বার্ষিক ঘোষণা

[বিধি ৪(২ক) দ্রষ্টব্য]
(প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ দাখিলযোগ্য)

(১) আবেনকারীর নামঃ
(২) প্রতিষ্ঠানের নামঃ
(৩) পূর্ণ ব্যবসায়িক ঠিকানাঃ
(টেলিফোন নম্বর সহ)
(৪) আবেদনকারীর স্থায়ী ঠিকানা
(টেলিফোন নম্বর সহ)
(৫) টার্ণওভার তালিকাভুক্তির সংখ্যাঃ
(৬) কার্যক্রমের কোডঃ
(৭) এলাকা কোডঃ
(৮) তালিকাভুক্তির তারিখঃ
(৯) বর্তমান বৎসর ( ) এর টার্ণওভার (প্রাক্কলিত)ঃ
(১০) পূর্ববর্তী বৎসরের ঘোষিত টার্ণওভারঃ
(১১) পূর্ববর্তী বৎসরের প্রকৃত টার্ণওভারঃ
(১২) টার্ণওভার কর কমিশন কর্তৃক নির্ধারিত টার্ণওভার (প্রযোজ্যক্ষেত্রে)ঃ
(১৩) পূর্ববর্তী বৎসরের প্রদত্ত করের পরিমাণঃ
(১৪) নির্বাচিত কর প্রদান পদ্ধতি ঃ (যে কোন একটিতে (√) চিহ্ন দিতে হইবে
(ক) বার্ষিক এককালীন ☐ ত্রৈমাসিক ☐ মাসিক ☐
(খ) প্রদেয় করের পরিমাণঃ
(১৫) টি আই এন (যদি থাকে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐

**আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল।**

..........................
আবেদনকারীর স্বাক্ষর

তাং .......................

[বিভাগীয় কার্যালয় পূরণ করিবে]

প্রদত্ত ঘোষণায় কোন আপত্তি নাই বিধায় প্রথম অনুলিপি গৃহীত হইল এবং দ্বিতীয় অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তিকে ফেরৎ প্রদান করা করা হইল।

বিভাগীয় কর্মকর্তা "

(১১) ফরম "মূসক-৩" এর নির্দেশাবলীর ক্রমিক নং ১ এর "দুই শতাংশ" শব্দ গুলির পরিবর্তে "চার শতাংশ" শব্দ গুলি প্রতিস্থাপিত হইবে ;

(১২) ফরম "মূসক-৪" এর পরিবর্তে নিম্নরূপ ফরম " মূসক-৪ " প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

মূসক-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

## টার্ণওভার কর দাখিলপত্র

[বিধি ৪(৪) ও (৫) দ্রষ্টব্য]

করদাতা পূরণ করিবেন

| দাখিলপত্রের মেয়াদ | | | | | করদাতার তালিকাভুক্তি সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| মাস | বৎসর | হইতে | মাস | বৎসর | এলাকা কোড | |
| | | | | | | |
| | | | | | কার্যক্রম কোড | |
| নাম ঃ | | | | | টেলিফোন নম্বর | |
| ঠিকানাঃ | | | | | | |

১। কর মেয়াদ
(ক) বার্ষিক ☐
(খ) ত্রৈমাসিক ☐
(গ) মাসিক ☐

২। বিভাগীয় কর্মকর্তা / টার্ণওভার কর নির্ধারন কমিশন কর্তৃক নির্ধারিত প্রদেয় বার্ষিক করের পরিমাণ ঃ ....................................................

৩। কর মেয়াদে মোট বিক্রয় ঃ
৪। কর মেয়াদে মোট প্রদেয় কর ঃ
৫। অর্থদন্ড / অতিরিক্ত করের পরিমাণ ঃ
৬। মোট পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (৪+৫) ঃ
৭। ট্রেজারীতে জমাকৃত অর্থের পরিমাণ ঃ

সংযোজনী
৮। ট্রেজারী চালান ঃ (ক) নং-..................
(খ) তাং-............................ (গ) টাকার পরিমাণ ................

আমি ঘোষণা করিতেছি যে, এই দাখিলপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও নির্ভুল।

তারিখ ঃ ............................

............................
করদাতার স্বাক্ষর

**বিভাগীয় কার্যালয়ের ব্যবহারের জন্য**

১। দাখিলপত্রের কোন বিষয়ে আপত্তি নাই ☐

২। দাখিলপত্রের নিম্নলিখিত বিষয়ে আপত্তি আছে

| ক্রমিক সংখ্যা | আপত্তি | পুণঃ নির্ধারন |
|---|---|---|
| | | |
| | | |

৩। যথা সময়ে দাখিলপত্র দাখিল না করায় অর্থদন্ড/ অতিরিক্ত কর ...................... টাকা।

৪। পূর্ববর্তী..... টি দাখিলপত্র পরীক্ষা করা হইল, ....... টি দাখিলপত্রে মোট বিক্রয় ........ টাকা।

৫। পুনঃ নির্ধারিত বিষয়সমূহ করদাতাকে জানানো হইয়াছে।

তারিখঃ

........................
বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর
নাম ঃ

**করদাতার জন্য নির্দেশাবলী ঃ**

১। করদাতা তাহার নাম, ঠিকানা, তালিকাভুক্তির সংখ্যা, এলাকা কোড, বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তির প্রত্যয়নপত্রের ভিত্তিতে সঠিকভাবে পূরণ করিবেন।

২। বক্স ২ এর ক্রমিক নং (১) এর "কর মেয়াদ" বলিতে তালিকাভুক্তির মাস হইতে পরবর্তী এক মাসের বা তিন মাসের বা এক বৎসরের মেয়াদকে বুঝাইবে। তালিকাভুক্তির আবেদনপত্রে কর দাতা টার্ণওভার কর পরিশোধের জন্য যে পদ্ধতি নির্বাচন করিয়াছেন উক্ত পদ্ধতির বিপরীত ঘরে ☐√ চিহ্ন দিতে হইবে।

৩। বক্স ৩ এর ক্রমিক নং (৩) এর "কর মেয়াদে মোট বিক্রয়" অর্থ যে মেয়াদের জন্য দাখিলপত্র প্রদান করা হইয়াছে উক্ত মেয়াদের প্রকৃত বিক্রয়ের পরিমাণ যাহা টাকায় উল্লেখ করিতে হইবে।

৪। বক্স ৪ এর ক্রমিক নং (৮) এ (সংযোজনী) ট্রেজারী চালানের মাধ্যমে কর মেয়াদের প্রদেয় কর পরিশোধ করা হইয়াছে উহার নম্বর, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করিতে হইবে এবং চালানের মূলকপি দাখিলপত্রের সঙ্গে সংযোজন করিতে হইবে।

(১৩) ফরম " মূসক-৬ " এর পর নিম্নরূপ নির্দেশিকা সংযুক্ত হইবে, যথাঃ

## " ফরম " মূসক-৬ " পূরণের নির্দেশিকা

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 1. | NAME OF THE FIRM | ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখিতে হইবে। |
| 2. A. | COMPLETE BUSINESS ADDRESS | যে স্থানে করযোগ্য কার্যক্রম তথা ব্যবসায় পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ী বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্টকোড উল্লেখ করিতে হইবে। |
| B. | PERMANENT ADDRESS | যদি প্রতিষ্ঠানটি একক মালিকানাধীন হয় তবে করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায় গ্রুপ হইয়া থাকে, তাহা হইলে প্রতিষ্ঠানটির মূল তথা রেজিস্টার্ড অফিসের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| 3. | TYPE OF ORGANISATION<br><br>CORPORATE/ GROUP / SINGLE | প্রতিষ্ঠানের ধরণ উল্লেখ করিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায়িক গ্রুপ হইয়া থাকে তাহা হইলে প্রযোজ্য বক্সে টিক (√) চিহ্ন দিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ না হইয়া একক মালিকানাধীন হয় তাহা হইলে প্রযোজ্য ক্ষেত্রে অর্থাৎ সর্বশেষ বক্সে টিক (√) চিহ্ন দিতে হইবে। |
| | NAME OF CORPORATE/ GROUP | প্রতিষ্ঠানটি যদি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ হয় তবে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| | COMPLETE BUSINESS ADDRESS | এই অংশে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের পূর্ণ ব্যবসায়িক ঠিকানা উল্লেখ করিতে হইবে। |
| 4. | TIN (If any) | করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা প্রযোজ্য ক্ষেত্রে, করযোগ্য প্রতিষ্ঠানের আয়কর বিভাগ প্রদত্ত TIN (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রহিয়াছে, এক একটি ঘরে এক একটি |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | | নম্বর লিখিতে হইবে। বিকল্প ব্যবস্থা হিসাবে জিআইআর নম্বর উল্লেখ করিতে হইবে। |
| 5. A. | ACTUAL VALUE (IN TK.) OF TURNOVER OF VATABLE GOODS/ SERVICES DURING LAST 12 MONTHS | এই অংশে আবেদনের তারিখ হইতে পূর্ববর্তী ১২ মাসের করযোগ্য পণ্যের মোট প্রকৃত বিক্রয়ের নিম্নরূপ তথ্য অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ– |
| | PERIOD FROM | যে সময়ের হিসাব দেওয়া হইতেছে উহার শুরুর তারিখ |
| | TO | যে সময়ের হিসাব দেওয়া হইতেছে তাহার শেষ তারিখ উল্লেখ করিতে হইবে (আবেদন পত্র দাখিলের তারিখ) |
| | (i) DOMESTIC SALES | ১২ মাসের করযোগ্য পণ্যের স্থানীয় বিক্রয়ের পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| | (ii) IMPORT | ১২ মাসে আমদানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| | (iii) EXPORT | উক্ত ১২ মাসে রপ্তানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| B. | EXPECTED VALUE (IN TK.) OF TURNOVER OF VATABLE GOODS/ SERVICES DURING NEXT 12 MONTHS | এই অংশে আবেদন ফরম দাখিলের তারিখ হইতে পরবর্তী ১২ মাসের আনুমানিক করযোগ্য বিক্রয়ের তথ্য লিখিতে হইবে, যথা ঃ– |
| | PERIOD FROM | পরবর্তী যে ১২ মাসের হিসাব দেওয়া হইতেছে উহা শুরুর তারিখ (আবেদনপত্র দাখিলের তারিখ) |
| | TO | পরবর্তী যে ১২ মাসের হিসাব দেওয়া হইতেছে তাহা শেষের তারিখ (আবেদনপত্র দাখিলের ১ বৎসর পরের তারিখ) |
| | (i) DOMESTIC SALES | পরবর্তী ১২ মাসের আনুমানিক স্থানীয় বিক্রয়ের পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | (ii) IMPORT | পরবর্তী ১২ মাসের আনুমানিক আমদানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| | (iii) EXPORT | পরবর্তী ১২ মাসের আনুমানিক রপ্তানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| 6. | IRC NO.<br>ISSUE DATE<br>ERC NO.<br>ISSUE DATE<br>EXEMPTED FROM IRC | পণ্য প্রস্তুতকারী, স্থানীয় বিক্রেতা বা সরবরাহকারী বা সেবা প্রদানকারী যদি আমদানি বা রপ্তানিকারক হন তবে তাঁহার আমদানি বা রপ্তানি নিবন্ধন সংখ্যা **(IRC /ERC)** এবং উহা জারীর বা নবায়নের তারিখ স্পষ্টভাবে লিখিতে হইবে। উল্লেখ্য, আই আরসি জারী বা নবায়নের তারিখ অনুযায়ী বৈধতার তারিখ ইতিমধ্যেই অতিক্রান্ত হইয়া থাকিলে মূসক নিবন্ধনের আবেদন গ্রহনযোগ্য হইবে না। আইআর সি গ্রহণের দায় থেকে অব্যাহতি থাকিলে উপযুক্ত বক্সে **(YES)** টিক (√) চিহ্ন দিতে হইবে। |
| 7. | TYPE OF ACTIVITY | আবেদনকারী করযোগ্য পণ্যের প্রস্তুতকারক হইলে 'A' এর ডান পাশের বক্সে (√) চিহ্ন প্রদান করিতে হইবে। আবেদনকারী উৎপাদক বা আমদানিকারক বা শতভাগ রপ্তানিকারক না হইয়া কেবল স্থানীয় বিক্রেতা হইলে **'B'** এর ডান পার্শ্বের বক্সে (√) চিহ্ন প্রদান করিতে হইবে। আবেদনকারী ভ্যাট আইনের দ্বিতীয় তফসিলভুক্ত কোন সেবা প্রদানকারী হইলে তাহাকে **'C'** এর ডান পার্শ্বের বক্সে (√)চিহ্ন প্রদান করিতে হইবে।<br>আবেদনকারী শতভাগ রপ্তানিকারক (স্থানীয় বিক্রয় শূন্য) হইলে **'E'** এর ডান পার্শ্বের বক্সে (√) চিহ্ন প্রদান করিতে হইবে। |
| 8. | OTHER VAT REGISTRATION NO. (IF ANY) | বর্তমানে বা পূর্বে কোন সময় আবেদনকারীর অন্য কোন ভ্যাট রেজিস্ট্রেশন থাকিলে উহার নম্বর ও এলাকা কোড উল্লেখ করিতে হইবে। ভ্যাট রেজিস্ট্রেশন নম্বরের জন্যে ৮টি ঘর দেওয়া আছে। |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 9. | PREVIOUS TURNOVER ENLISTMENT NO. (IF ANY) | আবেদনকারী ইতিপূর্বে ভ্যাটের পরিবর্তে টার্ণওভার ট্যাক্স এর আওতায় তালিকাভুক্ত হইয়া থাকিলে উহার নম্বর ও এলাকা কোড উল্লেখ করিতে হইবে। |
| 10. | I DECLARE ... ... TRUE<br><br>TAX PAYER'S SIGNATURE<br>NAME ...............<br>(NAME AND DESIGNATION WITH SEAL)<br>DATE | এই অংশে একটি ঘোষণা রহিয়াছে। করদাতা উক্ত ঘোষণার নিম্নে স্বাক্ষর প্রদান পূর্বক নীচে স্পষ্টাক্ষরে নাম ও তারিখ লিখিবেন এবং নিজ দাপ্তরিক সিলমোহর প্রদান করিবেন। |

<u>বিশেষ দ্রষ্টব্য</u>

আবেদনপত্রের সহিত ট্রেড লাইসেন্স এবং আয়কর বিভাগ প্রদত্ত TIN (ট্যাক্সপেয়ার্স আইডেন্টি-ফিকেশন নম্বর) সার্টিফিকেট এর সত্যায়িত কপি জমা দিতে হইবে।

(১৪) ফরম "মূসক-১৬" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১৬" প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

মূসক-১৬

" **ক্রয় হিসাব পুস্তক**

(বিধি ২২(১) দ্রষ্টব্য)

পণ্য / সেবার উপকরণ ক্রয়

| তারিখ | মজুদ উপকরণের প্রারম্ভিক জের (পরিমাণ) | বিক্রেতার /সরবরাহকারীর | | | চালানপত্র/ বিল অব এন্ট্রি নং ও তারিখ | ক্রয়কৃত উপকরণের বিবরণ | ক্রয়কৃত উপকরণের পরিমাণ | ক্রয় মূল্য (সম্পূরক শুল্ক ও মূসক বাদে) | সম্পূরক শুল্ক (যদি থাকে) | মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম | ঠিকানা | নিবন্ধন নং | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্য**

১. উপকরণ বলিতে, সকল ক্ষেত্রে, শ্রম,ভূমি, ইমারত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার কাঁচামাল, মোড়ক সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশকে বুঝাইবে ঃ
তবে, ব্যবসায়ীর ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যকে বুঝাইবে।

২. অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবা ক্রয়/বিক্রয়ের ক্ষেত্রে শুধুমাত্র মূল্য উল্লেখ করিতে হইবে। " ;

(১৫) ফরম "মূসক-১৭" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১৭" প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

মূসক-১৭

" **বিক্রয় হিসাব পুস্তক**
(বিধি ২২(১) দ্রষ্টব্য)

পণ্য / সেবার বিক্রয়

| তারিখ | উৎপাদিত পণ্যের সমাপনী জের (পরিমাণ) | ক্রেতার | | | চালান পত্রের নং ও তারিখ | সরবরাহ-কৃত পণ্যের বিবরণ | সরবরাহ-কৃত পণ্যের পরিমাণ | বিক্রয় মূল্য (সম্পুরক শুল্ক ও মূসক বাদে) | সম্পুরক শুল্ক (যদি থাকে) | মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম | ঠিকানা | নিবন্ধন নং | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

(১৬) ফরম "মূসক-১৬ক" ও ফরম "মূসক-১৭ক" বিলুপ্ত হইবে;

(১৭) ফরম " মূসক-১৯ " এর পর নিম্নরূপ নির্দেশিকা সংযোজিত হইবে, যথাঃ–

## " ফরম " মূসক-১৯ " পূরনের নির্দেশিকা

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | কর মেয়াদ | কর মেয়াদের মাস সংশ্লিষ্ট ঘরে মাসের নাম এবং বৎসর সংশ্লিষ্ট ঘরে বৎসরের নাম লিখিতে হইবে। |
| | করদাতা সনাক্তকরণ সংখ্যা | এই ঘরে নিবন্ধন নম্বর লিখিতে হইবে। |
| | নাম | নিবন্ধিত যে ব্যক্তির দাখিলপত্র পেশ করা হইতেছে তাহার নাম। |
| | ঠিকানা | নিবন্ধন পত্রে উল্লিখিত ঠিকানা অর্থাৎ উৎপাদন স্থল বা সেবা প্রদানের স্থান বা ব্যবসায়স্থল বা আমদানি-রপ্তানি ব্যবসা পরিচালনার স্থান উল্লেখ করিতে হইবে। |
| | কার্যক্রম কোড | সরবরাহকৃত পণ্য/সেবার কার্যক্রম কোড লিখিতে হইবে। |
| | এলাকা কোড | সংশ্লিষ্ট সার্কেলের এলাকা কোড লিখিতে হইবে। |
| | করমেয়াদে কোন ক্রয় বা বিক্রয় হয় নাই | সংশ্লিষ্ট করমেয়াদে কোন কর কার্যক্রম না হইয়া থাকিলে "√" চিহ্ন দিতে হইবে। |
| ১ | করযোগ্য পণ্যের নীট বিক্রয় | তৃতীয় কলামে সংশ্লিষ্ট কর মেয়াদে করযোগ্য পণ্যের মোট বিক্রয় মূল্য, চতুর্থ কলামে সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং পঞ্চম কলামে প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ (গ্রস) লিখিতে হইবে। |
| ২ | করযোগ্য সেবার নীট বিক্রয় | তৃতীয় কলামে করযোগ্য সেবার মোট বিক্রয় মূল্য, চতুর্থ কলামে সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং পঞ্চম কলামে প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। তবে উল্লেখ্য, যেই সকল পণ্য বা সেবার ক্ষেত্রে সংকুচিত মূল্যভিত্তি আছে, সেই সকল ক্ষেত্রে তৃতীয় কলামে করযোগ্য বিক্রয় মূল্যের পরিমাণ লিখিতে হইবে এবং উক্ত করযোগ্য মূল্যের উপরই সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর নিরূপিত হইবে। |

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| ৩ | করযোগ্য নীট বিক্রয় (সারি ১+২) | সারি-১ ও সারি-২ এর যোগফল সারি-৩ এর সংশ্লিষ্ট কলামে লিখিতে হইবে। |
| ৪ | শূন্যহারের পণ্য/সেবার বিক্রয় | সংশ্লিষ্ট করমেয়াদে কোন পণ্য বা সেবা রপ্তানিকৃত হইলে উক্ত পণ্যের/সেবার মোট বিক্রয় মূল্যের পরিমাণ উল্লেখ করিতে হইবে। |
| ৫ | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবার বিক্রয় | সংশ্লিষ্ট কর মেয়াদে অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবার মোট বিক্রয় মূল্যের পরিমাণ লিখিতে হইবে। |
| ৬ | মোট প্রদেয় কর (সারি ৩ হইতে SD+VAT) | ৩(তিন) নম্বর সারির চতুর্থ ও পঞ্চম কলামের যোগফল (অর্থাৎ প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর) লিখিতে হইবে। |
| ৭ | অর্থদন্ড/জরিমানা | সংশ্লিষ্ট করমেয়াদে কোন অর্থদন্ড বা জরিমানা পরিশোধ করা হইলে তাহার পরিমাণ লিখিতে হইবে। |
| ৮ | অন্যান্য সমন্বয়করণ (প্রদেয়) | ভুলবশতঃ ইতিপূর্বে কোন রেয়াত গৃহীত হইলে বা অন্য কোন কারণে মূসক প্রদেয় হওয়ায় সংশ্লিষ্ট করমেয়াদে তা সমন্বয় করা হইলে সমন্বয়কৃত অর্থের পরিমাণ লিখিতে হইবে। |
| ৯ | সর্বমোট প্রদেয় (সারি ৬+৭+৮) | ৬, ৭ ও ৮ নং সারির যোগফল লিখিতে হইবে। |
| ১০ | নিবন্ধিত ব্যক্তি হইতে বাংলাদেশে প্রস্তুত করযোগ্য পণ্যের ক্রয় | কোন নিবন্ধিত প্রতিষ্ঠান হইতে বাংলাদেশে প্রস্তুতকৃত করযোগ্য পণ্য ক্রয় করা হইলে দ্বিতীয় কলামে মোট ক্রয় মূল্যের পরিমাণ এবং তৃতীয় কলামে মোট ক্রয়ের ক্ষেত্রে পরিশোধিত মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। |
| ১১ | নিবন্ধিত ব্যক্তি হইতে করযোগ্য সেবার ক্রয় | কোন নিবন্ধিত প্রতিষ্ঠান হইতে করযোগ্য সেবা ক্রয় করা হইলে দ্বিতীয় কলামে সেবার ক্রয় মূল্যের পরিমাণ এবং তৃতীয় কলামে উক্ত সেবা ক্রয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। |
| ১২ | করযোগ্য পণ্যের আমদানি/ আমদানিকারক হইতে ক্রয় | কোন করযোগ্য পণ্য সরাসরি আমদানি করা হইলে বা কোন আমদানিকারক হইতে সহায়ক চালানের মাধ্যমে ক্রয় করা হইলে দ্বিতীয় কলামে মোট |

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | | ক্রয়মূল্যের পরিমাণ এবং তৃতীয় কলামে উক্ত পণ্য ক্রয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৩ | রপ্তানির ক্ষেত্রে অন্যান্য কর রেয়াত | সংশ্লিষ্ট কর মেয়াদে কোন পণ্য রপ্তানি করা হইলে উক্ত রপ্তানিকৃত পণ্যে যে পরিমাণ কাঁচামাল ব্যবহৃত হইয়াছে, সেই পরিমাণ কাঁচামালের উপর আমদানি পর্যায়ে প্রদত্ত আমদানি শুল্ক, সম্পূরক শুল্কের পরিমাণ লিখিতে হইবে। তবে, যদি উক্ত নিবন্ধিত ব্যক্তি সরাসরি ডেডো হইতে উক্ত রপ্তানির বিপরীতে প্রত্যর্পণ গ্রহণ করিতে চান, বা গ্রহণ করিয়া থাকেন, তবে সেই ক্ষেত্রে এই কলাম পূরণ করিতে হইবে না। |
| ১৪ | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবার ক্রয় | সংশ্লিষ্ট করমেয়াদে কোন অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা ক্রয় করা হইলে মোট ক্রয়মূল্যের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৫ | অনিবন্ধিত ব্যক্তি হইতে করযোগ্য পণ্য/সেবার ক্রয় | মূসক এর আওতায় নিবন্ধিত নহে এমন কোন প্রতিষ্ঠান হইতে কোন করযোগ্য পণ্য বা সেবা ক্রয় করা হইলে মোট ক্রয়মূল্যের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৬ | মোট রেয়াতযোগ্য কর (সারি ১০+১১+১২+১৩) | সারি ১০, ১১, ১২ ও ১৩ এর যোগফল কলাম ৩ এ লিখিতে হইবে। |
| ১৭ | অন্যান্য সমন্বয়করণ (রেয়াত/পাওনা) | ভুলবশতঃ ইতিপূর্বে রেয়াত নেওয়া হয় নাই অথবা সমন্বয়যোগ্য কোন পাওনা থাকিলে উক্ত অর্থের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৮ | পূর্ববর্তী মাসের জের | পূর্ববর্তী কর মেয়াদে চলতি হিসাব রেজিষ্টারের ৬নং কলামে বর্ণিত জের এর পরিমাণ লিখিতে হইবে। তবে, যেই ক্ষেত্রে চলতি হিসাব রাখার আইনগত বাধ্যবাধকতা নাই, সেই ক্ষেত্রে ইহা পূরণ করিতে হইবে না। |
| ১৯ | সর্বমোট রেয়াত (সারি ১৬+১৭+১৮) | সারি ১৬, ১৭ ও ১৮ এর যোগফল লিখিতে হইবে। |
| ২০ | নীট প্রদেয় (সারি ৯-সারি ১৯) | ৯ নং সারি হইতে ১৯ নং সারির বিয়োগফল লিখিতে হইবে। |

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| ২১ | ট্রেজারীতে জমা | ট্রেজারীতে সংশ্লিষ্ট করমেয়াদে জমাকৃত অর্থের পরিমাণ লিখিতে হইবে। তবে উল্লেখ্য, প্রদেয় মূসকের পরিমানের চেয়ে রেয়াতযোগ্য মূসকের পরিমাণ বেশী হওয়ার কারণে যদি সংশ্লিষ্ট করমেয়াদে ট্রেজারীতে কোন জমা না করা হয়, তবে সেই ক্ষেত্রে এই কলামে কিছু লিখিতে হইবে না। |
| ২২ | পরবর্তী মাসের প্রারম্ভিক জের | সারি ২১ হইতে সারি ২০ এর বিয়োগফল লিখিতে হইবে। তবে, যেই ক্ষেত্রে রেয়াতযোগ্য মূসকের পরিমাণ প্রদেয় মূসকের পরিমানের চেয়ে বেশী হওয়ায় সারি ২১ এ কোন ট্রেজারী জমা থাকিবে না, সেই ক্ষেত্রে সারি ১৯ হইতে সারি ৯ এর বিয়োগফল সারি ২২ এ লিখিতে হইবে। |
| ২৩ | পরিদপ্তর হইতে প্রত্যার্পণ | সংশ্লিষ্ট করমেয়াদে ডেডো হইতে কোন প্রত্যার্পণ গৃহীত হইলে উহার পরিমাণ লিখিতে হইবে। |

এতদ্ব্যতীত, দাখিলপত্রের দ্বিতীয় পৃষ্ঠায় করদাতার জন্য প্রযোজ্য অংশে দাখিলপত্রের সঙ্গে প্রদত্ত সংযোজনীর সংখ্যা নির্দিষ্ট ঘরে লিপিবদ্ধকরণসহ চালানপত্রের সংখ্যা বিষয়ে ঘোষণা প্রদান করিতে হইবে এবং তারিখসহ স্বাক্ষর করিতে হইবে।

বিশেষ দ্রষ্টব্যঃ কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তিকে দাখিলপত্রের কোন্ কোন্ অংশ পূরণ করিতে হইবে সে বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করা যাইতে পারেঃ

(১) শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্রমিক নং ৪, ৭ ও ৯ (প্রযোজ্য ক্ষেত্রে), ১০, ১১, ১২, ১৪, ১৫, ২১ (প্রযোজ্য ক্ষেত্রে) ও ২৩ পূরণ করিতে হইবে।

(২) শিপিং এজেন্টের ক্ষেত্রে ক্রমিক নং ২, ৩, ৬, ৭, ৯ ও ২০ পূরণ করিতে হইবে।

(৩) সম্পূর্ণভাবে উৎসে কর্তন করা হয় এমন সেবা প্রতিষ্ঠান যথাঃ- নির্মাণ সংস্থা, ইজারাদার, ইন্ডেন্টিং এর ক্ষেত্রে ক্রমিক নং ২, ৩, ৬, ৭, ৯, ২১ (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ করিতে হইবে।

(৪) ইটের ক্ষেত্রে ক্রমিক নং ১, ৩, ৬, ৭, ৯, ২১ পূরণ করিতে হইবে।

(৫) স্থানীয় পর্যায়ে ব্যবসায়ী কর্তৃক সরবরাহের ক্ষেত্রে ক্রমিক নং ১, ৬, ১০, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২ পূরণ করিতে হইবে। তবে যে সকল ব্যবসায়ী সংকুচিত

ভিত্তি মূল্যের উপর কর পরিশোধ করিবেন তাহাদের, স্বাভাবিক ক্ষেত্রে, শুধুমাত্র ক্রমিক নং ১,২০,২১ ও ২২ পূরণ করিতে হইবে।

(৬) যে সকল সেবা প্রদানকারী সংকুচিত মূল্যের ভিত্তিতে কর পরিশোধ করিবেন তাহাদের, স্বাভাবিক ক্ষেত্রে, ক্রমিক নম্বর ২, ২০ ও ২১ পূরণ করিতে হইবে।

(৭) যদি কোন নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠান একই নিবন্ধন নম্বরের বিপরীতে একই সঙ্গে পণ্য সরবরাহ বা সেবা প্রদান করিয়া থাকেন, তবে তাহাকে দাখিলপত্রের প্রযোজ্য সকল ঘরই পূরণ করিতে হইবে ; " বিশেষ দ্রষ্টব্য " উল্লিখিত নির্দেশনাসমূহ তাহার ক্ষেত্রে প্রযোজ্য হইবেনা।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ডঃ মোঃ রফিকুল ইসলাম ]
প্রথম সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং- ১৩৪ -আইন/৯৭/১৫১-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৬ এর উপ-ধারা(৪) এর সংগে পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।- (১) এই বিধিমালা বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক (নিবন্ধন ও শুল্কায়ন) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) " অনুষ্ঠান " অর্থ বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান ;

(খ) " আইন " অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ;

(গ) " আয়োজক " অর্থ বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান ;

(ঘ) " কর " অর্থ আইনের ধারা ৩ এ উল্লিখিত মূল্য সংযোজন কর ;

(ঙ) " নিবন্ধন " অর্থ আইনের ধারা ১৫ এর অধীন মূল্য সংযোজন কর (মূসক) প্রদানের জন্য নিবন্ধন ;

(চ) " প্রবেশপত্র " অর্থ অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য আয়োজক কর্তৃক ইস্যুকৃত বিধি ৬ এ বর্ণিত প্রবেশপত্র;

(ছ) " প্রবেশ মূল্য " অর্থ প্রবেশপত্রের উপর লিখিত মূল্য যাহার মধ্যে মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত থাকিবে;

(জ) " বিভাগীয় কর্মকর্তা " অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর বিভাগের দায়িত্বে নিয়োজিত সহকারী কমিশনার বা উপ-কমিশনার;

৩। কর আদায় পদ্ধতি।- আইন বা আইনের অধীন প্রণীত অন্য কোন বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক এর নিকট হইতে এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে কর আদায় করা হইবে।

৪। নিবন্ধন।- (১) বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান মূসক নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার দপ্তরে এই বিধিমালার সহিত সংযোজিত সংযোজনী 'ক' এ বর্ণিত ঘোষণা সহ ফরম " মূসক-৬ " এ আবেদন করিবেন। উক্ত আবেদনপত্রের সহিত তিনি অনুষ্ঠানের প্রবেশপত্র বিক্রয়ের কেন্দ্র সমূহের ঠিকানা ও অন্যান্য সূত্র উল্লেখ করিবেন।

(২) প্রাপ্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্য সর্বোতভাবে যথাযথ বলিয়া বিভাগীয় কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি আবেদনকারীর অনুকূলে একটি নিবন্ধন পত্র ইস্যু করিবেন।

(৩) অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট সরকারী বিভাগ বা দপ্তরের অনুমতি গ্রহণার্থে আবেদনপত্রের সহিত আয়োজককে নিবন্ধনপত্রের একটি প্রতিলিপি অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে হইবে।

(৪) আয়োজক তৎকর্তৃক প্রদত্ত ঘোষণা বিভাগীয় কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হওয়া সাপেক্ষে উহার ভিত্তিতে আদায়যোগ্য মূল্য সংযোজন করের দ্বিগুণ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিবেন, যাহা অনুষ্ঠান আরম্ভের তারিখ হইতে শুরু করিয়া অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পরবর্তী অন্যূন এক মাসের জন্য বলবৎ থাকিবে।

৫। কর প্রদান।- (১) আয়োজক অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে প্রকৃত বিক্রয়ের উপর প্রদেয় কর ট্রেজারী চালানের মাধ্যমে " ১৪-ক-মূল্য সংযোজন কর " খাতে সরকারী ট্রেজারীতে জমা প্রদান পূর্বক মূল ট্রেজারী চালা ও এই বিধির মালার সহিত সংযোজিত সংযোজনী-"ক" এ একটি বিবরণীসহ ফরম "মূসক-১৯" এ একটি দাখিলপত্র বিভাগীয় কর্মকর্তার নিকট পেশ করিবেন। উক্ত দাখিলপত্রে বর্ণিত তথ্য এবং বিধি ৭ অনুসারে দায়িত্বপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত প্রতিবেদনের তথ্য সামঞ্জস্যপূর্ণ প্রতীয়মান হওয়ার সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি আয়োজকের অনুকূলে অবমুক্ত করিবেন এবং দাখিলপত্রটি প্রয়োজনীয় পরীক্ষা শেষে কমিশনারের দপ্তরে প্রেরণ পূর্বক অনুলিপি সার্কেল অফিসে প্রেরণ করিবেন।

(২) অনিবার্য কারণে অনুষ্ঠান আয়োজন সম্ভব না হইলে উহার স্বপক্ষে যথাযথ প্রমাণপত্র সহ বিক্রয়কৃত প্রবেশ পত্রের অর্থ ক্রেতাদের নিকট ফেরত প্রদানের বিজ্ঞপ্তি জাতীয় দৈনিকে প্রকাশ সংক্রান্ত পেপার কাটিং বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে। প্রাপ্ত প্রমাণাদি যথাযথ বিবেচিত হওয়ার সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি অবমুক্তির আদেশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে প্রদেয় মূসক পরিশোধের স্বপক্ষে মূল ট্রেজারী চালান পাওয়া না গেলে কিংবা উহা সঠিক প্রমাণিত না হইলে বিভাগীয় কর্মকর্তা বিধি ৪(৪) এ উল্লিখিত ব্যাংক গ্যারান্টি নগদায়নের জন্য সংশ্লিষ্ট ব্যাংক-কে আদেশ প্রদানসহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৪) আয়োজক কর্তৃক প্রদত্ত ব্যাংক গ্যারান্টিতে উল্লিখিত অর্থের তুলনায় আদায়যোগ্য মূসক এর পরিমাণ অধিক বলিয়া প্রমাণিত হইলে এবং আয়োজক উহা প্রদান না করিলে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা দাবীনামা জারি পূর্বক আইনের বিধান অনুযায়ী সরকারের প্রাপ্য রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

৬। প্রবেশ পত্র।- অনুষ্ঠানস্থলে প্রবেশের জন্য প্রত্যেক দর্শককে পারফোরেশন দ্বারা দুইটি অংশে বিভক্ত একটি প্রবেশ পত্র ইস্যু করিতে হইবে যাহার প্রতিটি অংশে বহি নম্বর, ক্রমিক নম্বর, শ্রেনী বা ক্যাটাগরী, শো'র তারিখ ও সময় এবং কর সহ প্রবেশ মূল্য সুস্পষ্ট ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিতে হইবে। প্রবেশ পত্রের দ্বিতীয় অংশ দর্শক বা ক্রেতাকে প্রদান করিতে হইবে এবং প্রথম অংশ আয়োজককে রেকর্ড হিসাবে সংরক্ষণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সৌজন্যমূলক প্রবেশপত্র বা পাসের মাধ্যমে কোন দর্শককে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুযোগ প্রদান করা হইলে সেই ক্ষেত্রে এই বিষয়ে পূর্বাহ্নেই বিভাগীয় কর্মকর্তা বরাবর একটি ঘোষণা প্রদান করিতে হইবে এবং এইরূপ পাসের সংখ্যা কোনভাবেই বিক্রয়কৃত মোট প্রবেশ পত্রের শতকরা পাঁচ ভাগের বেশী হইবে না।

৭। মূল্য সংযোজন কর কর্মকর্তার করনীয়।- আয়োজক কর্তৃক প্রদত্ত ঘোষণা ও তথ্যাদি সম্পর্কে নিশ্চিত হওয়ার প্রয়োজনে এবং সরকারের প্রাপ্য রাজস্ব আদায়ের স্বার্থে বিভাগীয় কর্মকর্তা যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে প্রবেশপত্র বিক্রয়ের কেন্দ্র সমূহের ঠিকানা, সূত্র ও অনুষ্ঠান অংগন সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অনুসন্ধান পরিচালনার নির্দেশ দিতে পারিবেন। প্রত্যেক দিনের অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী কার্যদিবসে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রবেশপত্র বিক্রয়ের তথ্যসহ উপরে উল্লিখিত বিষয়ে একটি প্রতিবেদন বিভাগীয় কর্মকর্তার বরাবরে দাখিল করিবেন।

৮। দন্ড।- এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে লংঘনকারী আয়োজক বা সংশ্লিষ্ট অন্য কোন ব্যক্তি অনধিক পঁচিশ হাজার টাকা অথবা অনুষ্ঠানস্থলে প্রদত্ত সেবার উপর প্রদেয় করের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হইবে, সেই পরিমাণ অর্থদন্ডে দন্ডনীয় হইবেন।

সংযোজনী-"ক"

## বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পর্কিত ঘোষণা

[ বিধি ৪ ও ৫ দ্রষ্টব্য ]

বরাবর
বিভাগীয় কর্মকর্তা
শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর
..............................................
..............................................

১। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকের নামঃ
২। ঠিকানাঃ
৩। টেলিফোনঃ ফ্যাক্সঃ
৪। নিবন্ধন নম্বরঃ (মূসক অফিস পূরণ করিবে) ........................
৫। টি আই এন (যদি থাকে)ঃ ...........................
৬। ১বিক্রয়তব্য/২বিক্রয়কৃত প্রবেশ পত্রের মূল্য ও ১সম্ভাব্য/২প্রকৃত সংখ্যাঃ

| ক্রমিক নং | অনুষ্ঠানের তারিখ ও সময় | শ্রেণী/ ক্যাটাগরী | একক মূল্য | মোট সংখ্যা | মোট মূল্য | ১প্রযোজ্য/ ২প্রদত্ত মূসক [মোট মূল্য $X\frac{৩}{২৩}$ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

৭। মোট অনুষ্ঠানের সংখ্যা (১সম্ভাব্য/২প্রকৃত)ঃ
৮। যে সব স্থানে প্রবেশ পত্র বিক্রয় করা হইবে সেই সব স্থানের নাম ও ঠিকানাঃ
৯। অনুষ্ঠানস্থলের ঠিকানাঃ
১০। অনুষ্ঠান শুরু হওয়ার তারিখ ও সময়ঃ
১১। অনুষ্ঠান শেষ হওয়ার তারিখ ও সময়ঃ

**আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরোক্ত তথ্য ও ঘোষণা সত্য ও নির্ভুল।**

তারিখঃ আবেদনকারীর নাম ও স্বাক্ষর

১। অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর ঘোষণা প্রদানের সময় কাটিয়া দিতে হইবে [ বিধি ৫]।
২। অনুষ্ঠান শুরু করার আগে ঘোষণা প্রদানের সময় কাটিয়া দিতে হইবে [ বিধি ৪ ]।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আহমেদ মুনিরুছ সালেহীন ]
দ্বিতীয় সচিব
মূসক বাস্তবায়ন ঃ সেবা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস, আর, ও, নং ১৩৫ -আইন/৯৭/১৫২- মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ২৭ এর উপ-ধারা (১) ও ধারা ৩৯ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রনয়ন করিল, যথাঃ–

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।- (১) এই বিধিমালা আটককৃত পণ্য ও যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ ই জুন, ১৯৯৭ ইং তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

ক) " আইন " অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ;

খ) " কর " অর্থ আইনের ধারা ৩, ৭ ও ৮ এ উল্লিখিত যথাক্রমে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও টার্ণওভার কর ;

গ) " ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা "(অর্থ আইনের ধারা ৪০ ও উহার অধীন জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট মামলার ন্যায় নির্ণয়নের জন্য উপযুক্ত কর্মকর্তা ;

ঘ) " বিধিমালা " অর্থ আইনের অধীন প্রণীত মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ।

৩। আটককৃত পণ্য ও যানবাহন ছাড় প্রদানকারী কর্মকর্তা।- আইনের ধারা ২৭ এর আওতায় আটককৃত পণ্য, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, ও বিধিমালার বিধি ৭ এর অধীন আটককৃত যানবাহন, অতঃপর যানবাহন বলিয়া উল্লিখিত, সংশ্লিষ্ট মালিকের লিখিত আবেদনক্রমে, সংশ্লিষ্ট অধিক্ষেত্রের সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন কর্মকর্তা, অতঃপর কর্মকর্তা বলিয়া উল্লিখিত, বিধি ৪ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে, এতদ্‌সম্পর্কিত ন্যায় নির্ণয়ন অনিষ্পন্ন থাকাকালীন সময় পর্যন্ত অন্তর্বর্তীকালীন ছাড় (interim release), অতঃপর ছাড় বলিয়া উল্লিখিত, প্রদান করিতে পারিবেন।

৪। ছাড় প্রদানের জন্য পালনীয় শর্তাদি ও পদ্ধতি।- (ক) পণ্যের মালিককে সংযোজিত ছকে কোন তফসিলি ব্যাংক হইতে কর্মকর্তার অনুকূলে প্রযোজ্য কর সহ পণ্য মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে এবং পণ্যের ছাড়ের সময় উহার প্রতিনিধিত্ব মূলক নমুনা মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আলামত হিসাবে সংরক্ষনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গুদাম রক্ষণ কর্মকর্তার নিকট প্রদান করিতে হইবে;

(খ) যানবাহনের মালিককে ছাড় প্রদানের আবেদনের সহিত উক্ত যানবাহনের মালিকানা সম্পর্কিত প্রমাণাদি দাখিল করিতে হইবে এবং তাঁহাকে কর্মকর্তার অনুকূলে সংযোজিত ছকে কোন তফসিলী ব্যাংক হইতে যানবাহনের নিরূপিত মূল্যের পঁচিশ শতাংশ পরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে;

(গ) পণ্য ও যানবাহনের মালিক একই ব্যক্তি হইলে তাঁহাকে যানবাহনের মালিকানা সম্পর্কিত প্রমাণাদিসহ দফা (ক) এ বর্ণিত সকল শর্ত পূরণ করিতে হইবে।

ছক

## ব্যাংক গ্যারান্টি

[ বিধি ৪ দ্রষ্টব্য ]

আমরা (ব্যাংক এর নাম ও ঠিকানা) ..........................................................................................
.......................................................... মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৭ এর উপ-ধারা (১) ও ধারা ৩৯ এর উপ-ধারা (২) মোতাবেক জনাব/মেসার্স (পণ্য বা যানবাহন বা ক্ষেত্রমত, উভয়েরই মালিকের নাম ও ঠিকানা)..........................................
.......................................................... এর মালিকানাধীন আটককৃত পণ্য বা যানবাহন বা উভয় ক্ষেত্রে অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের জন্য মূল্য সংযোজন কর সহকারী/ ডেপুটি/ যুগ্ম/ অতিরিক্ত কমিশনার/ কমিশনার (অফিসের নাম) ........................................ এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট টাকা (অংক ও কথায়)........................ এর জন্য এই গ্যারান্টি প্রদান করিতেছি।

২। আমরা এই মর্মে অঙ্গিকার প্রদান করিতেছি যে, আটককৃত পণ্য বা যানবাহন, বা উভয়েরই মালিক উপরে উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত পণ্য বা প্রযোজ্য কর সহ উহার নিরূপিত মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থ বা যানবাহন যে কোন সময় নির্দেশিত স্থানে বা পদ্ধতিতে উপস্থাপন করিতে বাধ্য থাকিবে এবং নির্দেশমত উক্ত রূপে উপস্থাপনে ব্যর্থ হইলে উক্ত কর্মকর্তা কর্তৃক চাহিবা মাত্র নিঃশর্তভাবে টাকা (অংক ও কথায়) ........................................................ প্রদান করিতে বাধ্য থাকিব।

৩। আটককৃত পণ্য ও যানবাহন সম্পর্কিত তথ্যাবলীঃ

(১) আটক মামলার নম্বরঃ ........................ তারিখঃ ........................

(২) পণ্য ঃ

ক) পণ্যের নাম ..............................................................

খ) পণ্যের পরিমাণ ..........................................................

গ) পণ্য মূল্য (মামলায় নিরূপিত)....................................... (টাকা)

(৩) যানবাহন ঃ

ক) যানবাহনের ধরণ ......................................

খ) মডেল ও তৈরীর সন ..................................................

গ) চেসিস নম্বর ..............................................

ঘ) ইঞ্জিন নম্বর ...............................................

ঙ) রেজিষ্টেশনের স্থান .................... তারিখ ......................

চ) রেজিষ্টেশন নম্বর .............রেজিষ্টেশনের বৈধ মেয়াদ .............

ছ) চালকের নাম ............... ড্রাইভিং লাইসেন্স নম্বর ................

৪। আমরা এই মর্মে আরো অঙ্গিকার করিতেছি যে, আটককৃত উপরোল্লিখিত পণ্য বা যানবাহন, বা উভয় ক্ষেত্রে ন্যায় নির্ণয়ন আদেশ জারী না হওয়া পর্যন্ত এই ব্যাংক গ্যারান্টি বহাল থাকিবে।

স্থান ..................................

তারিখ ...............................

স্বাক্ষর ...........................................

নাম ............................................

পদবী ..........................................

.......................................................................................................

**[মূল্য সংযোজন কর অফিস কর্তৃক পূরণীয়]**

(১) ব্যাংক গ্যারান্টি রেজিষ্টার নম্বর ঃ

(২) রেজিষ্টারে এই ব্যাংক গ্যারান্টির ক্রমিক নম্বরঃ

.......................................................

সহকারী/ডেপুটি/যুগ্ম/অতিরিক্ত কমিশনার/
কমিশনারের স্বাক্ষর।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ডঃ মোঃ রফিকুল ইসলাম ]
প্রথম সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস, আর, ও, নং ১৩৬ - আইন/৯৭/১৫৩- মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য ] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯১ রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরনামা।- এই বিধিমালা নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২। করের ভিত্তি নির্ধারণ।- নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা, কলাম (২) এ উল্লিখিত সেবার কোড ও কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীদের ক্ষেত্রে কলাম (৪) এ বর্ণিত মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, টার্ণওভার কর, ধার্য ও প্রদেয় হইবে, যথাঃ-

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর/ টার্ণওভার কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S০০৩ | S০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ | যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রদত্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ। |
| | S০০৩.২০ | ডকইয়ার্ড | যে কোন প্রকার যান্ত্রিক নৌযান নির্মাণ, মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান নির্মাণ, মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরনের মূল্যসহ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ। |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর/ টার্ণওভার কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থা | যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের ত্রিশ শতাংশ অর্থ। |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা | ছাপাখানা কর্তৃক ছাপার যাবতীয় উপকরনের মূল্যসহ প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। |
| S০০৯ | S০০৯.০০ | নিলামকারী সংস্থা | নিলামে পণ্য বিক্রয়ে সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১০ | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | সেবা প্রদানকারী কর্তৃক বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রীত ভূমির উন্নয়ন করার পর উন্নয়নকৃত ভূমি বা ভূমির অংশ বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের তেত্রিশ শতাংশ। |
| | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ভবন নির্মাণ সংস্থা কর্তৃক বিক্রিত ফ্লাট বা ইমারতের ক্ষেত্রে প্রাপ্ত সমুদয় অর্থের চল্লিশ শতাংশ নির্মাণ ব্যয় হিসাবে পরিগনিত হইবে এবং এই নির্মাণ ব্যয়ের তেত্রিশ শতাংশ অর্থ। |
| S০১৪ | S০১৪.০০ | ইন্ডেন্টিং সংস্থা | পণ্য বা সেবা ক্রয়ে সহায়তা বাবদ প্রদত্ত সমুদয় চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্যের বা সেবার মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১৫ | S০১৫.০০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | সংশ্লিষ্ট সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন, বা ফি যাহার মধ্যে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১৬ | S০১৬.০০ | ট্রাভেল এজেন্সী | ভ্রমণের নিমিত্ত পরিবহন সংস্থা সমূহের টিকিট বিক্রয় বাবদ উক্তরূপ সংস্থা সমূহের নিকট হইতে ট্রাভেল এজেন্সী কর্তৃক চার্জ, কমিশন বা ফি হিসাবে প্রাপ্ত সমুদয় অর্থ। |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর/ টার্ণওভার কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S০১৮ | S০১৮.০০ | চলচ্চিত্র স্টুডিও | চলচ্চিত্র নির্মাণের জন্য শুধুমাত্র চলচ্চিত্র মুদ্রন, পরিস্ফুটন, শব্দ গ্রহণ, সংযোজন ও শব্দ মুদ্রন এর জন্য প্রাপ্ত সমুদয় চার্জ বা ফি। |
| S০২০ | S০২০.০০ | জরিপ সংস্থা | জরিপ কার্যে নিয়োজিত যে কোন সংস্থা কর্তৃক জরিপ সংক্রান্ত সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং উহাতে পণ্যের মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০২৬ | S০২৬.০০ | স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী | সেবা প্রদানকারী কর্তৃক বিক্রিত স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার এর মোট বিক্রয় মূল্যের দশ শতাংশ অর্থ। |
| S০২৯ | S০২৯.০০ | চিকিৎসা প্রতিষ্ঠান | চিকিৎসা প্রতিষ্ঠানের সিট ভাড়া, অপারেশন থিয়েটার চার্জ, খাবার পরিবেশনের উপর চার্জ, ডাক্তার কর্তৃক প্রদত্ত ব্যবস্থাপত্র প্রদানের বিনিময়ে প্রাপ্ত ফি, অস্ত্রোপচারের জন্য প্রাপ্ত চার্জ ও এনেসথেসিয়া প্রদানের উপর প্রাপ্ত চার্জের সমন্বয়ে গঠিত চার্জ সমূহের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৩২ | S০৩২.০০ | কনসালটেন্সি ফার্ম ও সুপা-রভাইজরী ফার্ম | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট চুক্তি মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে, দরপত্রে উল্লিখিত মূল্যের) পঁয়ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৩৬ | S০৩৬.২০ | এয়ারকণ্ডিশন্ড লঞ্চ সার্ভিস | শুধুমাত্র লঞ্চের এয়ারকণ্ডিশন্ড কেবিন বা কক্ষের চার্জ বাবদ প্রাপ্ত মূল্য। |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement provider) | সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ। |

৩। কর রেয়াত।- (১) বিধি ২ এ বর্ণিত সেবা সমূহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), অতঃপর "উক্ত আইন" বলিয়া উল্লিখিত, এর ধারা ৯ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তিনি তৎকর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ আব্দুল কাফী ]
দ্বিতীয় সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৩৭–আইন/৯৭/১৫৪ -মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যে ক্ষেত্রে কোন ব্যবসায়ী ধারা ৯ এর আওতায় উপকরণ কর রেয়াত গ্রহণ করিবেন না সেই ক্ষেত্রে, নিম্নরূপ পরিসীমা ও শর্ত সাপেক্ষে, তৎকর্তৃক মূল্য সংযোজন কর প্রদানের নিমিত্তে মূল্য সংযোজনের হার এতদ্দ্বারা ত্রিশ শতাংশ নির্ধারন করিল,যথাঃ–

(১) যেই ক্ষেত্রে কোন ব্যবসায়ী উপরি-উক্তরূপ নির্ধারিত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে কর প্রদান করিতে চাহেন, সেই ক্ষেত্রে তিনি কর মেয়াদ শুরু হইবার পূর্বেই, তাঁহার মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর, এলাকা কোড, ব্যবসায় স্থলের ঠিকানা, ফোন নম্বর, ফ্যাক্স নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক, তৎসম্পর্কে মূল্য সংযোজন করের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বরাবরে আবেদন করিবেন ;

(২) যদি কোন ব্যবসায়ী কখনও মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর প্রদান করেন এবং পরবর্তী কোন সময়ে উক্ত নির্ধারিত হারের পরিবর্তে উপকরণ কর রেয়াত গ্রহণপূর্বক মূল্য সংযোজন কর প্রদানের পদ্ধতিতে কর প্রদানের ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহাকে মূল্য সংযোজন করের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বরাবরে পরবর্তী কর মেয়াদ শুরু হইবার পূর্বেই সেই মর্মে একটি আবেদন করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ আব্দুল কাফী ]
দ্বিতীয় সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস, আর, ও, নং–১৩৮–আইন/৯৭/১৫৫-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত আইন ও তদধীনে প্রণীত বিধিমালা কার্যকর করার উদ্দেশ্যে, উহার ১২ই আষাঢ়, ১৩৯৮ বাং মোতাবেক ২৭শে জুন, ১৯৯১ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং ১৯০-আইন/৯১/৬-মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিল এর কলাম (২) এ উল্লিখিত কর্মকর্তাগনকে তাঁহাদের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত এলাকা সমূহের জন্য উক্ত কলামে উল্লিখিত তাঁহাদের স্ব স্ব পদে নিয়োগ প্রদান করিল, যথাঃ–

টেবিল

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে এলাকা ও পদের জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশ-নার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপা-রিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টমস্ এণ্ড এক্সাইজ, ঢাকা(উত্তর)। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, ঢাকা(উত্তর)। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে এলাকা ও পদের জন্য নিয়োগপ্রাপ্ত |
| --- | --- | --- |
| (১) | (২) | (৩) |
| ২। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপারিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টমস্ এণ্ড এক্সাইজ, ঢাকা(দক্ষিন)। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, ঢাকা(দক্ষিন)। |
| ৩। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপারিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টমস্ এণ্ড এক্সাইজ, চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, চট্টগ্রাম। |
| ৪। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপারিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টমস্ এণ্ড এক্সাইজ, খুলনা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, খুলনা। |
| ৫। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপারিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টমস্ এণ্ড এক্সাইজ, যশোর। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, যশোর। |
| ৬। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপারিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টমস্ এণ্ড এক্সাইজ, রাজশাহী। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, রাজশাহী। |
| ৭। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সুপারিনটেনডেন্ট ও ইন্সপেক্টর, কাস্টম হাউস, ঢাকা। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, সুপারিনটেনডেন্ট ও পরিদর্শক, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস, ঢাকা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে এলাকা ও পদের জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮। | কমিশনার, এডিশনাল কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট প্রিভেন্টিভ সার্ভিসেস, এ্যাপ্রেইজার ও প্রিভেন্টিভ অফিসার, কাস্টম হাউস, চট্টগ্রাম। | কমিশনার, অতিরিক্ত কমিশনার, যুগ্ম-কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট প্রিভেন্টিভ সার্ভিসেস, এ্যাপ্রেইজার ও প্রিভেন্টিভ অফিসার, মূল্য সংযোজন কর, কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৯। | কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, এ্যাসিস্ট্যান্ট কমিশনার, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট প্রিভেন্টিভ সার্ভিসেস, এ্যাপ্রেইজার ও প্রিভেন্টিভ অফিসার, মংলা কাস্টম হাউস, খুলনা। | কমিশনার, যুগ্ম কমিশনার, উপ-কমিশনার, সহকারী কমিশনার, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট প্রিভেন্টিভ সার্ভিসেস, এ্যাপ্রেইজার ও প্রিভেন্টিভ অফিসার, মূল্য সংযোজন কর, মংলা কাস্টম হাউস, খুলনা। |
| ১০। | মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট, এ্যাপ্রেইজার ও ইন্সপেক্টর, পরিদর্শন পরিদপ্তর, (কাস্টমস্ এণ্ড এক্সাইজ), ঢাকা। | মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট, এ্যাপ্রেইজার ও ইন্সপেক্টর, মূল্য সংযোজন কর, পরিদর্শন পরিদপ্তর, ঢাকা। |
| ১১। | মহাপরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট, এ্যাপ্রেইজার ও ইন্সপেক্টর, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা। | মহাপরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিনটেনডেন্ট, এ্যাপ্রেইজার ও ইন্সপেক্টর, মূল্য সংযোজন কর, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা। |

| ক্রমিক নং | বর্তমান পদ ও এলাকা | যে এলাকা ও পদের জন্য নিয়োগপ্রাপ্ত |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১২। | কমিশনার (আপীল), রেজিষ্ট্রার, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার, সুপারিন-টেনডেন্ট, কাস্টমস্ এও এক্সাইজ (আপীল), চট্টগ্রাম। | কমিশনার (আপীল), রেজিষ্ট্রার, প্রিন্সিপাল এ্যাপ্রেইজার ও সুপারিনটেনডেন্ট, মূল্য সংযোজন কর (আপীল), চট্টগ্রাম। |

নোট।–

এই কলামে উল্লিখিত এলাকা সমূহের জন্য নিয়োগের অব্যবহিতপূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তাগনের কলাম (২) এ উল্লিখিত পদ সমূহের ক্ষেত্রে যেই স্থানীয় এখতিয়ার ছিল এই কলামে উল্লিখিত পদ সমূহের ক্ষেত্রেও সেই একই স্থানীয় এখতিয়ার থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ আব্দুল কাফী ]
দ্বিতীয় সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৩৯–আইন/৯৭/১৫৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩১ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজনের হারের ভিত্তিতে কর প্রদান করিয়া থাকেন এইরূপ ব্যবসায়ী কর্তৃক সংরক্ষনের জন্য নিম্নবর্ণিত পুস্তক ও নথিপত্র নির্ধারণ করিল, যথাঃ–

(ক) বাণিজ্যিক দলিলাদি;
(খ) চালানপত্র পুস্তক;
(গ) চলতি হিসাব পুস্তক।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ পিযুষ কান্তি নাথ ]
দ্বিতীয় সচিব
মূসক পরিসংখ্যান ও মনিটরিং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৪০–আইন/৯৭/১৫৭- মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ ইং তারিখের আদেশ এস.আর.ও. নং ১৪৪-আইন/৯২/৫৭-মূসক এতদ্দ্বারা রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ জাকিয়া সুলতানা ]
দ্বিতীয় সচিব
মূসক পরিকল্পনা ও উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

নং ১৫ /মূসক/৯৭ তাং - ২৯/০২/১৪০৪ বাং / ১২/০৬/১৯৯৭ ইং

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) [ ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য ] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ১লা ফেব্রুয়ারী, ১৯৯৭ তারিখের আদেশ নং- ৩/মূসক/৯৭ এতদ্বারা রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আহমেদ মুনিরুছ সালেহীন ]
দ্বিতীয় সচিব
মূসক বাস্তবায়ন ঃ পণ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং-১৪১-আইন/৯৭/১৫৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৪২-আইন/৯২/৫৫-মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের শিরনামা সংখ্যা ২৪.০২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| "০৪.০২ | ০৪০২.৯৯.০০ | কনডেন্সড মিল্ক |
| ৬৪.০১ হইতে ৬৪.০৫ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | পাদুকা" |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শাহ্ আব্দুল হান্নান ]
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৪২–আইন/৯৭/১৫৯– মূসক ।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৩ই শ্রাবন, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৩২-আইন/৯৬/১৩৪-মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule-এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত ব্যবসায়ী কর্তৃক উহাদের সরবরাহের ক্ষেত্রে —

(ক) পণ্য সমূহকে সমুদয় সম্পূরক শুল্ক ; এবং
(খ) পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যকে উহাদের উপর আরোপযোগ্য সমূদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক

হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

## টেবিল

"

| শিরনামা সংখ্যা Heading No. | সামঞ্জস্যপূর্ণ নাম করণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৯.২২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | বাথটাব ও জাকুজি (স্পা) |
| ৬৮.১০ | " | |
| ৬৯.১০ | " | |
| ৭৩.২৪ | " | |
| ৩৯.২২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | সিঙ্ক, যে কোন ধরণের বেসিন, |
| ৩৯.২৪ | " | কমোড বা উহার অংশ, যে কোন |
| ৬৮.০২ | " | ধরণের প্যান, শাওয়ার, |
| ৬৮.০৩ | " | শাওয়ার ট্রে, যে কোন ধরণের |

| শিরনামা সংখ্যা Heading No. | সামঞ্জস্যপূর্ণ নাম করণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৬৮.১০ | " | ওয়াটার ট্যাপ এবং বাথরুমের |
| ৬৯.১০ | " | অন্যান্য ফিটিংস ও ফিক্সার্স; |
| ৬৯.১১ | " | |
| ৬৯.১২ | " | |
| ৭০.১৩ | " | |
| ৭৩.২৪ | " | |
| ৭৪.১৮ | " | |
| ৭৫.০৭ | " | |
| ৭৫.০৮ | " | |
| ৭৬.১৫ | " | |
| ৭৮.০৫ | " | |
| ৭৯.০৬ | " | |
| ৭৯.০৭ | " | |
| ৮৪.৮১ | " | |
| ৬৮.০২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | টাইলস্ |
| ৬৮.০৩ | " | |
| ৬৮.০৮ | " | |
| ৬৮.০৯ | " | |
| ৬৮.১০ | " | |
| ৬৮.১১ | " | |
| ৬৯.০২ | " | |
| ৬৯.০৪ | " | |
| ৬৯.০৫ | " | |
| ৬৯.০৭ | " | |
| ৬৯.০৮ | " | |
| ৬৯.১৪ | " | |
| ৮৪.১৪ | সংশ্লিষ্ট এইচ এস কোড | সকল প্রকার বৈদ্যুতিক পাখা; |
| ৮৪.১৫ | সংশ্লিষ্ট এইচ এস কোড | এয়ার কন্ডিশনার; |
| ৮৪.১৮ | সংশ্লিষ্ট এইচ এস কোড | রেফ্রিজারেটর; |
| ৮৪.২২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | যে কোন ধরণের ডিশ ওয়াশার; |
| ৮৪.৫০ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ওয়াশিং মেশিন; |

| শিরনামা সংখ্যা Heading No. | সামঞ্জস্যপূর্ণ নাম করণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৪.৭০ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ডিজিটাল ডায়েরী; |
| ৮৪.৭১ | সংশ্লিষ্ট এইচ এস কোড | কম্পিউটার, প্রিন্টার, যন্ত্রপাতি-যন্ত্রাংশ, |
| ৮৪.৭৩ | " | ভোল্টেজ স্ট্যাবিলাইজার, |
| ৮৫.০৪ | " | আইপিএস ও ইউপিএস; |
| ৮৫.৩৫ | " | |
| ৮৫.৩৬ | " | |
| ৮৫.৪৪ | " | |
| ৮৫.০৯ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ভ্যাকুয়াম ক্লিনার, ফ্লোর পলিশার, ব্লেনডার, জুসার; |
| ৮৫.১৬ | সংশ্লিষ্ট এইচ এস কোড | গিজার, টোষ্টার, রাইস কুকার, ইলেক্ট্রিক ওভেন, মাইক্রোওয়েভ ওভেন, হেয়ার ড্রায়ার, বৈদ্যুতিক কেতলী, বৈদ্যুতিক ইস্ত্রি, ইমারশন হিটার; |
| ৮৫.১৭ | সংশ্লিষ্ট এইচ এস কোড | টেলিফোন সেট, ফ্যাক্স মেশিন, ফ্যাক্স মডেম, টেলেক্স ও যন্ত্রপাতি-যন্ত্রাংশ; |
| ৮৫.১৮ | সংশ্লিষ্ট এইচ এস কোড | লাউড স্পীকার, এমপ্লিফায়ার, যে কোন ধরণের (সাউন্ড এণ্ড পিকচার কোয়ালিটি), বুম বক্স; |
| ৮৫.১৯ | সংশ্লিষ্ট এইচ এস কোড | কমপ্যাক্ট ডিস্ক প্লেয়ার, মিউজিক সিস্টেম; |
| ৮৫.২০ | " | |
| ৮৫.২১ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ভিসিআর, ভিসিপি, লেজার ডিস্ক প্লেয়ার; |
| ৮৫.২২ | " | |
| ৮৫.২৭ | সংশ্লিষ্ট এইচ এস কোড | রেডিও (ওয়ান ব্যাণ্ড ব্যতীত); |

| শিরনামা সংখ্যা Heading No. | সামঞ্জস্যপূর্ণ নাম করণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৫.২৮ | সংশ্লিষ্ট এইচ এস কোড | স্যাটেলাইট রিসিভার, ডিশ |
| ৮৫.২৯ | " | এন্টেনা, টিভি চ্যানেল মিক্সার |
| ৮৫.৪৩ | " | মেশিন ও এলএনবি; |
| ৮৭.০২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | মোটরকার, ষ্টেশন ওয়াগন, |
| ৮৭.০৩ | " | মাইক্রোবাস, জীপ, ইঞ্জিন- |
| ৮৭.১১ | " | চালিত ত্রি-চক্রযান ও মোটর সাইকেল; |
| ৮৫.২৪ | সংশ্লিষ্ট এইচ এস কোড | বাইনোকুলার, মনোকুলার, |
| ৮৫.২৫ | " | সকল ধরণের ক্যামেরা; |
| ৯০.০৫ | " | |
| ৯০.০৬ | " | |
| ৯০.০৭ | " | |
| ৯০.০৯ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ফটোকপিয়ার; |
| ৯৪.০৫ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ঝাড়বাতি; ডেকোরেটিভ লাইট ইউনিট (হোল্ডার, ব্রাকেট ও শেড সহ), বৈদ্যুতিক টেবিল ল্যাম্প; |
| ৯৭.০৬ | ৯৭০৬.০০ | এন্টিকস্ ; " । |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৪৩–আইন/৯৭/১৬০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং মোতাবেক ৯ই জুন, ১৯৯৪ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং -XIII-আইন/৯৪/৯৩-মূসক রহিতক্রমে, নিম্নে বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969 এর First Schedule এর শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ ব্যতীত কুটির শিল্পে উৎপাদিত সকল পণ্যকে উক্ত আইনের আওতাধীনে আরোপযোগ্য সমুদয় মূল্য সংযোজন কর এবং, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ–

## টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৯.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | চা |
| ১৫.১১ | ১৫১১.১০.০০<br>১৫১১.৯০.১০<br>১৫১১.৯০.৯০ | সকল প্রকার পাম অয়েল |
| ১৫.১৩ | ১৫১৩.১১.০০<br>১৫১৩.১৯.১০<br>১৫১৩.১৯.৯০ | সকল প্রকার নারিকেল তৈল |
| ১৫.১৮ | ১৫১৮.০০.১০ | অপরিশোধিত, আঠামুক্ত সয়াবিন তৈল |
| | ১৫১৮.০০.২০ | পরিশোধিত সয়াবিন তৈল |
| | ১৫১৮.০০.৩০ | নারিকেল তৈল |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০.০৪ ও ৩০.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এন্টিসেপটিক ও ডিসইনফেকট্যান্ট |
| ৩২.০৭ হইতে ৩২.১২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পেইন্টস, পিগমেন্টস, ভার্নিশেস এবং পলিশেস |
| ৩৩.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পারফিউম ও প্রসাধনে ব্যবহার্য পানি |
| ৩৩.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সৌন্দর্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রীন বা সানট্যান সামগ্রী, হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ |
| ৩৩.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী |
| ৩৩.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | মুখ গহ্বর অথবা দন্ত জীবাণুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণুমুক্তকারী আঠালো পেস্ট |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভ-পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী |
| | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী |
| | ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথসল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী |
| | ৩৩০৭.৪৯.০০ | আগরবাতি এবং অন্যান্য সুগন্ধী যাহা পোড়ানোর মাধ্যমে ব্যবহৃত হয় তাহা ব্যতীত অন্যান্য কক্ষ সুগন্ধকরণ অথবা দুর্গন্ধমুক্তকরণ করার সামগ্রী, ধর্মীয় কাজে ব্যবহৃত সুগন্ধীসহ |
| | ৩৩০৭.৯০.১০ | অন্যান্য সামগ্রী |
| | ৩৩০৭.৯০.৯০ | অন্যান্য সামগ্রী |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৪.০১<br>৩৪.০২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | তরল সাবান সহ সকল প্রকার সাবান |
| ৩৯.১৭ | ৩৯১৭.২৩.০০ | পিভিসি পাইপ |
| ৬৯.০১<br>৬৯.০২<br>৬৯.০৩<br>৬৯.০৪ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার ইট |
| ৭৩.০৯<br>৭৩.১০<br>৭৩.১১ | "<br>"<br>" | মেটাল কন্টেইনার |
| ৭৪.০৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সুপার এনামেল্ড কপার ওয়্যার |
| ৮৪.১৪ | ৮৪১৪.৫১.১০ | গৃহস্থালী প্রকৃতির ঘরের ফ্যান যেমন, টেবিল, মেঝে, দেয়াল, জানালা, সিলিং বা ছাদের পাখা, উৎপাদন ক্ষমতা ১২৫ ওয়াটের অধিক নহে এমন বৈদ্যুতিক মটর সংযুক্ত |
| | ৮৪১৪.৬০.০০ | হুডস আনুভূমিক পার্শ্বে ১২০ সেঃ মিঃ এর অধিক নহে এমন বৈদ্যুতিক পাখা |
| ৮৫.০৬ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ড্রাইসেল ব্যাটারী ও স্টোরেজ ব্যাটারী |
| ৮৫.২১ | ৮৫২১.১০.০০<br>৮৫২১.৯০.০০ | ভিডিও ক্যাসেট রেকর্ডার্স ও প্লেয়ার্স |
| ৮৫.২৭ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এক ব্যান্ড ব্যতীত অন্যান্য ব্যান্ডের রেডিও ও ট্রানজিষ্টার |
| ৮৫.২৮ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | সকল প্রকার টেলিভিশন |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৫.৩৯ | " | বৈদ্যুতিক বাল্ব |
| ৮৫.৪৪ | " | ওয়্যারস এণ্ড ক্যাবলস |
| ৮৭.০১ হইতে | " | সকল প্রকার যানবাহন, উহার বডি বা |
| ৮৭.০৭ পর্যন্ত | " | চেসিস |
| ৮৭.০৯ হইতে | " | |
| ৮৭.১২ পর্যন্ত | " | |
| ৮৯.০১ | " | সকল প্রকার ক্রুজ জাহাজ, এক্‌সকারশন বোট্‌স, ফেরী বোট্‌স, কার্গো জাহাজ, বার্জেস এবং যাত্রী বা মালামাল পরিবহনের উপযোগী সমজাতীয় জাহাজ |
| ৮৯.০২ | ৮৯০২.০০.০০ | ফিশিং বোটস, কারখানা জাহাজ এবং মাছ জাতীয় পণ্য প্রস্তুত বা সংরক্ষণের জন্য ব্যবহৃত অন্যান্য জাহাজ |
| ৮৯.০৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | ইয়ট্‌স এবং খেলাধূলা বা আনন্দ উপভোগের জন্য অন্যান্য নৌকা, রোয়িং বোটস এবং ক্যানোস |
| ৮৯.০৪ | ৮৯০৪.০০.০০ | টাগ্‌স ও পুশার ক্রাফট |

ব্যাখ্যা।– এই প্রজ্ঞাপনে, " কুটির শিল্প " বলিতে এইরূপ কোন শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে –

(১) যাহা Joint Stock Company নহে,

(২) যাহার প্লান্ট, মেশিনারী ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে কোন সময় তিনলক্ষ টাকার অধিক নহে,

(৩) যাহার বার্ষিক টার্ণওভার পনের লক্ষ টাকার অধিক নহে, এবং

(৪) যাহার উৎপাদনস্থলে অন্য কোন ব্যক্তির ব্রান্ড নামের পণ্য উৎপাদিত হয় না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শাহ্ আব্দুল হান্নান ]
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৪৪–আইন/৯৭/১৬১-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২ এর দফা (ঙ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৩ই শ্রাবন, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১২৯-আইন/৯৬/১৩১-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত টেবিল-১ এর অধীন বর্ণিত উৎপাদিত পণ্যের সরবরাহকারী ও সেবা প্রদানকারীর ক্ষেত্রে কর মেয়াদ তিনমাস এবং টেবিল-২ এর অধীন বর্ণিত রপ্তানিকারক ও সেবা প্রদানকারীর ক্ষেত্রে কর মেয়াদ ছয় মাস এতদ্দ্বারা নির্ধারন করিল, যথাঃ-

টেবিল-১

(১) ইট;
(২) ইন্ডেন্টিং ফার্ম;
(৩) শিপিং এজেন্ট;

টেবিল-২

(১) শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান;
(২) নির্মাণ সংস্থা;
(৩) সি এণ্ড এফ এজেন্ট;
(৪) কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম;
(৫) ইজারাদার;
(৬) যোগানদার; ও
(৭) বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং–১৪৫–আইন/৯৭/১৬২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৭ই কার্তিক, ১৩৯৮ বাং মোতাবেক ২রা নভেম্বর, ১৯৯১ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-৩৩৩-আইন/৯১/৩৭-মূসক এতদ্দ্বারা রহিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও নং–১৪৬–আইন/৯৭/১৬৩–মূসক।–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৬ই পৌষ, ১৩৯৮ বাং মোতাবেক ৩১ শে ডিসেম্বর, ১৯৯১ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং ৩৯৮-আইন/৯১/৪৫-মূসক ও ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৩৩-আইন/৯৬/১৩৫-মূসক রহিত ক্রমে, নিম্নে বিধৃত-

(১) টেবিল -১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি পর্যায়ে

(২) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি ও উৎপাদন পর্যায়ে;

(৩) টেবিল -৩ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর আওতাধীন উক্ত টেবিলের কলাম (৩) বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে ; এবং

(৪) টেবিল-৪ এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবাকে—

**উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল,যথাঃ—**

## টেবিল - ১ (আমদানি পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | পশু খাদ্যের পুষ্টি প্রিমিক্স ; |
| ৩০.০১ | সকল এইচ, এস, কোড | গ্রন্থি এবং অন্যান্য অঙ্গ; |
| ৩০.০২ | ৩০০২.১০.১০<br>৩০০২.১০.৯০ | ম্যালেরিয়া নিরোধক, যক্ষ্মা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক ঔষধ সমূহ, ইন্সুলিন, এন্টিবায়োটিক, ছেরা (Sera) টক্সিন ও কার্ডিওভাসকুলার ঔষধ সমূহ, এন্টি হেপাটিক, এন্টি হেপাটিক এনসেফালোপ্যাথি (encephalopathy) |
| | ৩০০২.২০.০০ | ভ্যাকসিন্‌স ফর হিউম্যান মেডিসিন |
| | ৩০০২.৩০.০০ | ভ্যাকসিন্‌স ফর ভেটেরীনারি মেডিসিন |
| | ৩০০২.৯০.০০ | অন্যান্য |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০.০৩ | ৩০০৩.১০.০০<br>৩০০৩.২০.০০<br>৩০০৩.৩১.০০<br>৩০০৩.৩৯.০০<br>৩০০৩.৪০.০০<br>৩০০৩.৯০.৯০ | হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও সাইকোট্রপিক ঔষধ সমূহ (শুধুমাত্র ফ্লুফেনাজিন ডেকানোয়েট, ফ্লুফেনথিকসল ডেকানোয়েট, ফসুফেনাথিকসল ডেকানোয়েট) |
| ৩০.০৪ | ৩০০৪.১০.০০<br>৩০০৪.২০.০০<br>৩০০৪.৩১.০০<br>৩০০৪.৩২.০০<br>৩০০৪.৩৯.০০<br>৩০০৪.৪০.০০<br>৩০০৪.৫০.০০<br>৩০০৪.৯১.০০<br>৩০০৪.৯৯.০০ | এনাসথেটিক, সাধারণ ও লোকাল , ইথার এনাসথেটিক বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড পিবি, সুকসামেথলিয়াস ব্রোমাইড/ ক্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন/ লিডোকেইন/লিগুওকেইন, এডরেনালিনযুক্ত হউক বা না হউক, প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এডরেনালিন যুক্ত হউক বা না হউক কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগের ডায়ালিসিস ফ্লুইড এবং কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপরিন ঔষধ |
| ৪৯.০৭ | প্রযোজ্য এইচ, এস, কোড | Stamp Impressed Paper এ শ্রেণী বিন্যাসযোগ্য বিড়ি "ব্যান্ড রোল" (বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক আমদানিকৃত) |
| ৫২.০২ | ৫২০২.৯৯.১০ | তুলার বর্জ্য |
| ৭১.০৮ | ৭১০৮.১৩.০০ | গোল্ড বুলিয়ান [ কেবল মাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৪ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য ]. |
| ৮৪.২১ | ৮৪২১.২৯.০০ | Dialyzer |
| ৮৪.৩৪ | ৮৪৩৪.২০.০০ | ডেয়ারী মেশিনারী |
| ৮৪.৩৬ | সকল এইচ, এস, কোড | Other agricultural, Horticultural, forestry, poultry-keeping or Bee-keeping machinery including germination plant fitted with mechanical or thermal equipment, poultry incubator and brooders |
| ৮৪.৪৪ | ৮৪৪৪.০০.০০ | Machines for extruding, drawing, texturing or cutting man-made textile materials |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৪.৪৫ | সকল এইচ,এস, কোড | Machines for preparing textile fibres, Spinning, doubling or twisting machines and other machinery for producing textile yarns, textile reeling or winding (including weftwinding) machines and machines for preparing textile yarns for use on the machines of heading No 84.46, or 84.47 |
| ৮৪.৪৬ | সকল এইচ,এস, কোড | Weaving machines (looms) |
| ৮৪.৪৭ | সকল এইচ,এস, কোড | Knitting machines, stitch-bonding machines and machines for making gimped yarn, tulle, lace, embroidery, trimmings, braid or net and machines for tufting |
| ৮৪.৭৯ | ৮৪৭৯.৮৯.০০ | (i) Transducer<br>(ii) Textile Humidifiers imported within six months of the importation of textile capital machinery |
| ৮৫.২৭ | ৮৫২৭.১১.১০ | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরী অবস্থায়) [কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ১৯৯৪ এর আওতায় আমদানি ক্ষেত্রে প্রযোজ্য] |
| ৮৮.০২ | সকল এইচ,এস,কোড | সকল পণ্য |
| ৯০.১৮ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | A-V Line |
| | ৯০১৮.৩১.০০ | ডায়ালাইসিস ফ্লুইড ব্যাগের জন্য ইন্সুলিন সিরিঞ্জ, পভিডিন আয়োডিন ষ্টিক |
| | ৯০১৮.৩২.০০ | Fistula needle |
| | ৯০১৮.৯০.২০ | Dialysis Machine |
| | ৯০১৮.৯০.৯০ | ডায়ালাইসিস টিউব ড্রেসিং এর জন্য ওভার-স্পনজেস, গজ স্পঞ্জেস, বেসিক ওয়াইসেট ও মিনি ক্যাপ |

# টেবিল - ২ (আমদানি ও উৎপাদন পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৯.০৪ | ০৯০৪.২০.১০ | শুকনা মরিচ |
| ১০.০৬ | প্রযোজ্য এইচ,এস, কোড | সকল প্রকার চাউল |
| ১১.০১ | ১১০১.০০.০০ | গম এর ময়দা বা আটা |
| ১১.০২ | প্রযোজ্য এইচ,এস, কোড | গম বা মেসলিন ব্যতিত অন্যান্য পণ্যের ময়দা বা আটা |
| ১৫.১৪ | প্রযোজ্য এইচ,এস, কোড | সরিষার তৈল |
| ২৩.০১ | ২৩০১.১০.০০ | মাংস বা মাংসের বর্জের গুড়া, ক্ষুদ্র দানাকৃত খাবার, গলিত চর্বি, গাদ |
| | ২৩০১.২০.০০ | কঠিন খোলসযুক্ত জলজ প্রাণীর (যেমন, কাঁকড়া) বা অন্যান্য জলজ অমেরুদন্ডী প্রাণীর গুড়া ক্ষুদ্র দানাকৃতির খাবার |
| ২৩.০২ | ২৩০২.১০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত ভুট্টার ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.২০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত ধানের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৩০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত গমের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৪০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত অন্যান্য সিরিয়াল্স এর ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৫০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত লিগুমিনাস উদ্ভিদের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| ২৩.০৩ | ২৩০৩.১০.০০ | শ্বেতসার বা সমজাতীয় উৎপাদনের অবশিষ্ট |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৪ | ২৩০৪.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সয়াবিন হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট |
| ২৩.০৫ | ২৩০৫.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে চীনা বাদাম হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট |
| ২৩.০৬ | ২৩০৬.১০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে তুলা বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.২০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে তিষী বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৩০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সূর্যমূখীর বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৪০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সরিষা বা কোলজা বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৫০.০০ | কোপড়া ওয়েষ্ট |
| | ২৩০৬.৬০.০০ | পাম নাট বা কার্ণেল এর খৈল ব্যতীত অন্যান্য অবশিষ্ট |
| | ২৩০৬.৯০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে অন্যান্য বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৮ | ২৩০৮.১০.০০ | ওক বৃক্ষের ফল এবং বাদাম |
| | ২৩০৮.৯০.০০ | অন্যান্য |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | অন্যান্য |
| ৩০.০২<br>৩০.০৩<br>৩০.০৪<br>৩০.০৬ | সংশ্লিষ্ট এইচ এস কোড | সকল প্রকার জন্ম নিরোধক |
| ৩১.০১ হইতে ৩১.০৫ | সংশ্লিষ্ট এইচ এস কোড | রাসায়নিক সার |
| ৩৮.০৮ | ৩৮০৮.১০.১০<br>৩৮০৮.২০.১০<br>৩৮০৮.৩০.১০<br>৩৮০৮.৪০.১০<br>৩৮০৮.৯০.১০ | কৃষিকার্যে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফাংগিসাইডস, হারবিসাইডস, এন্টিস্প্রাউটিং প্রোডাক্টস প্লান্ট গ্রোথ রেগুলেটর, ডিজইনফেকট্যান্টস এবং কৃষিকাজে ব্যবহারযোগ্য অনুরূপ অন্যান্য পণ্যাদি ও কাঁচামাল |
| | ৩৮০৮.২০.৯১<br>৩৮০৮.২০.৯৯<br>৩৮০৮.৪০.৯১<br>৩৮০৮.৪০.৯৯<br>৩৮০৮.৯০.৯১<br>৩৮০৮.৯০.৯৯ | ইনসেকটিসাইড (এসবায়োথ্রিন ব্যতীত), ফাংগিসাইডস, ডিজইনফেকট্যান্ট, ইঁদুর মারার বিষ |
| ৩৯.২৪ | সংশ্লিষ্ট এইচ এস কোড | প্লাষ্টিকের তৈরী (মেলামাইন ব্যতীত) থালা বাসন, পেয়ালা, বাটি, মগ, জগ, গ্লাস, সব্জি, ধোয়ার জন্য ব্যবহৃত জালি, গামলা, বালতি, খাবার ঢাকার ঢাকনি, স্কুলের বাচ্চাদের ব্যবহৃত পানির বোতল, ঝুড়ি ও টিফিন ক্যারিয়ার |
| ৪০.১৪ | ৪০১৪.১০.০০ | Sheath Contraceptives (কনডম) |
| ৪৯.০১<br>৪৯.০২<br>৪৯.০৩ | সংশ্লিষ্ট এইচ এস কোড | পুস্তক, পুস্তিকা, সংবাদপত্র, পত্রিকা, সাময়িকী |
| ৭৩.২১ | ৭৩২১.১২.০০ | কেরোসিন চুলা; |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭৬.১৫ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়্যার এবং যন্ত্রাংশ |
| ৮৪.২৪ | ৮৪২৪.৮১.১০<br>৮৪২৪.৮১.৯০<br>৮৪২৪.৮৯.০০ | কৃষি কার্যে ব্যবহৃত সকল প্রকার স্প্রেয়ার |
| ৯০.১৯ | ৯০১৯.২০.১০ | Oxygen therapy and artificial respiration apparatus, including heart/lung resuscitation units |
| ৯০.২১ | ৯০২১.৫০.০০ | Pacemaker for stimulating heart muscles |
| ৯০.২১ | ৯০২১.৯০.০০ | Heart Valve |
| ৯৪.০৫ | ৯৪০৫.৫০.১০ | হারিকেন বাতি |
| ৯৬.০৮ | ৯৬০৮১০.০০ | বল পয়েন্ট পেন |
| ৯৬.০৯ | ৯৬০৯.১০.০০ | কাঠ পেন্সিল |

## টেবিল - ৩ (উৎপাদন পর্যায়ে)

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৪.০১<br>০৪.০৩<br>০৪.০৪<br>০৪.০৫<br>০৪.০৬ | প্রযোজ্য এইচ এস কোড | প্যাকেটকৃত তরল দুধ, ঘি, মাখন, পনির, মাঠা, সাধারণ দই(মিষ্টি দই ব্যতিত) |
| ১৭.০১ | ১৭০১.১১.০০ | আখ হইতে প্রস্তুত চিনি, টন প্রতি ২৪২০(দুই হাজার চারশত বিশ) টাকার অতিরিক্ত |
| ১৯.০৫ | ১৯০৫.১০.০০<br>১৯০৫.২০.০০<br>১৯০৫.৯০.০০ | পাউরুটি, বনরুটি এবং এই ধরণের অন্যান্য রুটি |

| শিরনামা সংখ্যা (Heading No.) | এইচ এস কোড (H.S. Code) | পণ্য সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৩.০৩ | ২৩০৩.২০.০০ | বিটের মন্ড, চিনি উৎপাদন হইতে প্রাপ্ত আখের ছোবড়া বা অন্যান্য বর্জ |
| | ২৩০৩.৩০.০০ | চোলাই বা পাতন হইতে প্রাপ্ত তলানী ও বর্জ্য |
| ৩০.০৬ | ৩০০৬.৬০.১০ | নিম্ন বর্ণিত জন্ম নিরোধক পিল, যথাঃ–<br>(ক) ওভস্ট্যাট<br>(খ) লিনভিয়ন ও<br>(গ) মার্ভেলন |
| ৫৩.০৩ | ৫৩০৩.১৫.২০ | জুট কাটিং |
| ৭৩.২৩ | ৭৩২৩.৯১.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কড়াই, তাওয়া |
| ৭৩.২৬ | ৭৩২৬.৯০.৯০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত জালের কাঠি |
| ৮২.০১ | ৮২০১.১০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কোদাল এবং বেলচা |
| ৮৩.১৩ | সংশ্লিষ্ট এইচ এস কোড | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত সেচ পাম্প ও উহার যন্ত্রাংশ |
| ৮৪.১৪ | ৮৪১৪.২০.০০<br>৮৪১৪.৯০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হস্তচালিত টিউব ওয়েল ও উহার যন্ত্রাংশ |
| ৮৪.২৩ | ৮৪২৩.৯০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত বাটখারা |
| ৮৪.৩৭ | ৮৪৩৭.৮০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলার |
| | ৮৪৩৭.৯০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলারের জালী, ব্লেড এবং বাটম |
| ৮৪.৬৯ | প্রযোজ্য এইচ এস কোড | বাংলা, বাংলা-ইংরেজী দোভাষিক টাইপ রাইটার মেশিন ; |

## টেবিল - ৪ (সেবাসমূহ)

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S-০০১ | S-০০১.১০ | হোটেল ও রেস্তোরা এবং ডেকোরেটরস ও ক্যাটারার্সঃ |
| S-০০২ | S-০০১.২০ | (ক) মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাহিরে অবস্থিত সকল হোটেল ও রেস্তোরা এবং ডেকোরেটরস ও ক্যাটারার্স |
| | S-০০২.০০ | (খ) মোট্রোপলিটন এলাকা ও জেলা শহরের টিনের ঘরে চালু সকল অস্থায়ী হোটেল বা রেস্তোরা |
| S-০০৪ | S-০০৪.০০ | নির্মাণ সংস্থাঃ<br>(ক) ৩০শে জুন ১৯৯১ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম এবং<br>(খ) ৩০শে জুন ১৯৯১ পর্যন্ত জারীকৃত টেন্ডার সমূহের ভিত্তিতে ৩০ শে জুন ১৯৯৩ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম |
| S-০০৬ | S-০০৬.০০ | হিমাগার |
| S-০০৮ | S-০০৮.১০ | ছাপাখানাঃ<br>(ক) পুস্তক, সাময়িকী ও ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক দ্রব্যাদি মুদ্রণের চার্জের উপর |
| | S-০০৮.২০ | বাঁধাই সংস্থা ঃ সকল প্রকার বাঁধাইয়ের চার্জের উপর |
| S-০১৬ | S-০১৬.০০ | ট্রাভেল এজেন্সী |
| S-০২১ | S-০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থার সম্পূর্ণ চার্জের উপর। |
| S-০২২ | S-০২২.০০ | মিষ্টান্ন ভান্ডার ঃ<br>(ক) মেট্রোপলিটান এলাকা ও জেলা শহরের বাহিরে অবস্থিত সকল মিষ্টান্ন ভান্ডার এবং<br>(খ) মেট্রোপলিটান এলাকা ও জেলা শহরের টিনের ঘরে চালু সকল অস্থায়ী মিষ্টান্ন ভান্ডার |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S-০২৭ | S-০২৭.০০ | বাংলাদেশে সমুদ্রগামী জাহাজের হাল বীমাকরণের ক্ষেত্রে বীমা প্রিমিয়ামের উপর প্রদেয় মূল্য সংযোজন কর |
| S-০৩১ | S-০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত সকল সেবা |
| S-০৩৩ | S-০৩৩.০০ | ইজারাদার ঃ<br>ইজারা মূল্য বাৎসরিক বা ততোধিক মেয়াদের জন্য ১৫.০০ (পনের) লক্ষ টাকার নিম্নে এবং এক বৎসরের কম যে কোন মেয়াদের জন্য ১.২৫ লক্ষ টাকার নিম্নে এইরূপ ইজারা |
| S-০৩৮ | S-০৩৮.০০ | বিদেশী শিল্পী সহযোগে বিনোদন মূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকঃ<br>একশত টাকার নিম্নে একক প্রবেশ মূল্য। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[সাইফুল ইসলাম খান]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(সম্পূরক শুল্ক)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

**এস,আর,ও, নং–১৪৭–আইন/৯৭/১৬৪–মূসক।**– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৪-আইন/৯৬/১৩৬-মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ এর –

(১) শিরনামা সংখ্যা ৪৮.১৯ এর বিপরীতে কলাম (২) এর এইচ এস কোড ৪৮১৯.৩০.০০ ও ৪৮১৯.৪০.০০ এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে ;

(২) কলাম (১) এর শিরনামা সংখ্যা ৮৭.০৩ ও উহার বিপরীতে কলাম (২) এবং (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| " ৮৭.০৩<br>৮৭.১১ | সংশ্লিষ্ট সকল<br>এইচ,এস,কোড | মোটর চালিত ত্রি-চক্রযান (অটোরিক্সা),<br>সম্পূর্ণ তৈরী ও বিযুক্ত অবস্থায় " |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ সাইফুল ইসলাম খান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

## (সম্পূরক শুল্ক)

## প্রজ্ঞাপন

**ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং**

**এস, আর, ও, নং–১৪৮–আইন/৯৭/১৬৫–মূসক।**– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৫-আইন/৯৬/১৩৭-মূসক নিম্নরূপে সংশোধন করিল, যথাঃ

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা ৮৭.০৩ ও উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এর এন্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ

| | | | |
|---|---|---|---|
| "৮৭.০৩ | ৮৭০৩.২৩.৯১ | জীপ, সিলিন্ডার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্বে, সম্পূর্ণ তৈরী অবস্থায় | ২৫ |
| | ৮৭০৩.২৪.৯১ | জীপ, সিলিন্ডার ক্যাপাসিটি ৩০০০ সিসি এর উর্ধ্বে, সম্পূর্ণ তৈরী অবস্থায় | ২৫ |
| | ৮৭০৩.৩২.৯১ | জীপ, সিলিন্ডার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্বে | ৫৫ |
| | ৮৭০৩.৩৩.৯১ | জীপ, সিলিন্ডার ক্যাপাসিটি ২৫০০ সিসি এর উর্ধ্বে | ৫৫ |
| | ৮৭০৩.৯০.৯১ | জীপ, সিলিন্ডার ক্যাপাসিটি ২০০০ সিসি এর উর্ধ্বে | ৫৫"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ সাইফুল ইসলাম খান ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মণ্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।